মহিমাময় ও সুমহান আল্লাহ্ (আল হাক্ক) তাদের খুঁজে খুঁজে তাদের সাথে যুদ্ধ করতে বলেছেনঃ তাদেরকে অবরোধ করতে বলেছেন। আর এই আয়াতগুলো জিহাদের আয়াতসমূহের সবচেয়ে স্পষ্ট ভাষায় বর্ণিত। আর এগুলো ‘মানসুখ’ (বাতিল) করা হয়নি। আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম), তাঁর সাহাবাগণ এবং তাদের পরবর্তীগণ এই আয়াতসমূহ অনুসরণ করেছেন যতক্ষণ না আল্লাহ্ এই দুনিয়ার পূর্ব ও পশ্চিম তাদের জন্য উন্মুক্ত করে দিয়েছেন। আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ “আমি ততক্ষণ পর্যন্ত মানুষের সাথে সংগ্রাম (ক্বিতাল) করতে আদিষ্ট হয়েছি যতক্ষণ না তারা সাক্ষ্য দেয়,’লা ইলাহা ইল্লাল্লাহ’ এবং ‘মুহাম্মাদুর রাসূলুল্লাল্লাহ’ এবং সালাত কায়েম করে এবং গরীবদের পাওনা দিয়ে দেয় (যাকাত) অতঃপর তারা যদি এটি করে,

---

[95] সূরা আত—তাওবাহ ৯:৫

[96] সূরা আত—তাওবাহ ৯:২৯

তবে তারা তাদের রক্ত ও সম্পদ আমার থেকে নিরাপদ করে নিল; ইসলামের (শারীয়াহ এর) দাবী ব্যতীত যা আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) থেকে নির্ধারিত। আর তাদের হিসাব সুমহান আল্লাহর সাথে।" [97]

মুসলিমে বর্ণিত বুরাইদা (রদিয়াল্লাহু আনহু)-এর হাদীস, "রাসূল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যখনই কোন বাহিনী বা প্লাটুনের (বাহিনীর অংশ) জন্য একজন আমীর নিয়োগ করতেন, তিনি তাকে একান্তভাবে উপদেশ দিতেন, আল্লাহকে ভয় করার এবং তার অন্যান্য মুসলিমদের মধ্য থেকে যারা থাকতো তাদেরকে উত্তম (উপদেশ) দিতেনঃ তাদের সাথে যুদ্ধ কর যারা আল্লাহকে অস্বীকার করেছে। যুদ্ধ কর কিন্তু (গণীমত) আত্মসাৎ করো না। আর বিশ্বাসঘাতকতা করো না এবং মুশরিকদের জন্য উদাহরণ সৃষ্টি করো না (লাশ বিকৃতকরণ) এবং শিশুদের হত্যা করো না। আর তোমরা যদি মুশরিকদের মধ্য থেকে তোমাদের শত্রুদের মুখোমুখি হও, তবে তাদের তিনটি বিষয়ের দিকে ডাকবে....।" এসব দলীল স্পষ্টভাবে সেই জিহাদের কথা বলে যেখানে শত্রুর উদ্দেশ্যে বের হয়ে তার দেশে তার সাথে যুদ্ধ করা হয়। আর এটাই হলো 'জিহাদ আত-তালাব'।

জিহাদ আদ-দিফা'য়র দলীলসমূহঃ

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ

"হে মু'মিনগণ! তোমরা যখন যুদ্ধ ক্ষেত্রে কাফির বাহিনীর সম্মুখীন হবে তখন তোমরা তাদের পৃষ্ঠপ্রদর্শন করবে না।" [98]

আল্লাহ্ বলেনঃ

وَقَاتِلُوا فِي سَبِيلِ اللَّهِ الَّذِينَ يُقَاتِلُونَكُمْ

"যারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে তোমরাও তাদের বিরুদ্ধে আল্লাহর পথে যুদ্ধ কর..।" [99]

তিনি আরো বলেনঃ

فَمَنِ اعْتَدَى عَلَيْكُمْ

"যে কেউ তোমাদের আক্রমণ করবে তোমরাও তাকে অনুরূপ আক্রমণ করবে।" [100]

এখানে সেই জিহাদের কথা বলা হয় যেখানে সীমালংঘনকারী শত্রুকে আক্রমণ করা হয়- যে আগে (মুসলিমদের) আক্রমণ করে। শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ (রহিমাহুল্লাহ) বলেনঃ "আত্মরক্ষার জন্য জিহাদ এটি হলো সবচেয়ে জরুরী যাতে আগ্রাসনকারীকে পবিত্র স্থান ও দ্বীন থেকে হটিয়ে দেয়া হয়। আর ইজমা অনুযায়ী এটি

---

[97] মুত্তাফাকূন 'আলাইহি, ইবনে উমার (রদিয়াল্লাহু আনহু) হতে বর্ণিত

[98] সূরা আনফাল ৮:১৫

[99] সূরা বাকারা ২:১৯০

[100] সূরা বাকারা ২:১৯৪

ওয়াজিব। ঈমান আনার পর সবচেয়ে বড় ওয়াজিব হলো- আগ্রাসী শত্রু যে এই দ্বীন ও জীবনকে কলুষিত করে তাকে প্রতিহত করা। এক্ষেত্রে কোন শর্ত নেই। বরং একে যেকোন উপায়ে প্রতিহত করতে হবে।" [101]

উপরোক্ত আলোচনার ভিত্তিতে আমি যা বলতে চাই তা আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন যে কেউ যদি বলে 'জিহাদ আত তালাব' ইসলামের অন্তর্ভুক্ত নয়, তবে সে উপরে উল্লেখিত আয়াত ও হাদীসসমূহ অস্বীকার করলো। আর আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেনঃ

وَمَا يَجْحَدُ بِآيَاتِنَا إِلا الْكَافِرُونَ

"....কাফির ব্যতীত আর কেউই আমার আয়াতসমূহ অস্বীকার করে না।" [102]

আর যে কেউ অন্যায়ভাবে এই অপব্যাখ্যা দেয় যে,'জিহাদ আত-তালাব হলো আগ্রাসন দমনের জন্য তবে সে বিভ্রান্তিতে অনেক দূর পৌঁছে গেছে, সে এসব আয়াত সম্পর্কে জেনে বুঝে এর থেকে মুখ ফিরিয়ে নেয় এবং অন্যায়ভাবে এর অপব্যাখ্যা দেয়। এমন মানুষ সালাফ আস সালিহীনের সময়েও ছিল।

একটি ভ্রান্ত ধারণা

'জিহাদ আত তালাব'-কে অস্বীকার করার জন্য কেউ কেউ আল্লাহর আয়াত ব্যবহার করে থাকে-

وَإِنْ جَنَحُوا لِلسَّلْمِ فَاجْنَحْ لَهَا

"তারা যদি সন্ধির দিকে ঝুঁকে পড়ে, তাহলে তুমিও সন্ধির দিকে ঝুঁকবে...।" [103]

তাদের মতে, যতক্ষণ পর্যন্ত কাফিররা মুসলিমদের সাথে শান্তি বজায় রাখবে ততক্ষণ কোন জিহাদ নেই। এর দলীল হিসেবে তারা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর বাণী ব্যবহার করে থাকে, "শত্রুর মুখোমুখি হওয়ার আকাঙ্ক্ষা করো না....।" [104]

এটা তাদেরই অবস্থা যারা কিতাবের কিছু অংশ বিশ্বাস করে আর কিছু অংশ অবিশ্বাস করে। তারা একটি দলীল গ্রহণ আর অন্য দলীল গুলো এড়িয়ে যায়। তাদের জবাব আমি কয়েকটি ভাগে ভাগ করেছিঃ

প্রথমতঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আর তার সাহাবাগণ (রদিয়াল্লাহু আনহু); যারা ছিলেন এই উম্মতের মাঝে সর্বশ্রেষ্ঠ; তারা কখনো এ বিষয়টি সেভাবে দেখেননি যেভাবে তারা (বিভ্রান্তের দল) বিষয়টিকে ব্যাখ্যা করছে। তারা বলতে চায় 'জিহাদ আত-তালাব' ইসলামের অন্তর্ভুক্ত নয়; অথচ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরবদের বিরুদ্ধে জেহাদ শেষে রোমানদের বিরুদ্ধে যুদ্ধের জন্য তাবুকের দিকে যাত্রা করেছেন। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ১৯টি জিহাদে অংশ গ্রহণ করেন আর তার মাঝে ৮টিতে স্বয়ং অংশ নেন,

---

[101] আল ইসতিয়ারাত আল ফিখরিয়্যাহ

[102] সূরা আনকাবুত ২৯:৪৭

[103] সূরা আনফাল ৮:৬১

[104] মুত্তাফাকূন 'আলাইহি

আর যেসব বাহিনী বা প্রতিনিধি দলে তিনি নিজে অংশ নেননি তার সংখ্যা ৩৬[105], কেউ কেউ বলেন এ সংখ্যা আরো বেশী। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর ওফাতের পর তার সাহাবাগণ যুদ্ধ করেন পারস্য, রোমান, তুর্কী, মিশরীয়, বর্বর এবং আরো অনেকের সাথে। সুতরাং যারা ঐ আয়াত দ্বারা জিহাদ আত-তালাবকে অস্বীকার করতে চান তাদেরকে আমরা বলতে চাইঃ "তোমরা যা বুঝতে পেরেছ, তা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আর তার সাহাবাগণও বুঝেছিলেন নাকি বুঝেন নি?" তারা যদি স্বীকার করে যে তারা (সাহাবাগণ) এভাবে বুঝেন নি, তাহলে বলতে হয়ঃ

"তোমরা এমন কিছু বুঝে ফেলেছ যা তাঁরা বুঝেননি; সুতরাং তোমরা নিজে থেকেই বিভ্রান্তিমূলক এই ব্যাখ্যা সৃষ্টি করেছ যা আমাদের দ্বীনের অন্তর্ভুক্ত নয়।" কারণ, এই দ্বীন তো পরিপূর্ণতা লাভ করেছেঃ

الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ

"...আজ তোমাদের জন্য তোমাদের দ্বীন পূর্ণাঙ্গ করে দিলাম....।" [106]

আর তোমাদের এই ব্যাখ্যা অসমর্থিত এবং বর্জনীয়, "কেউ যদি এমন কোন কাজ করে, যা আমাদের কার্যাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ নয়, তাহলে তা বর্জন করা হবে।"[107] আর এই ভ্রান্ত ধারণা দ্বারা তোমরা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আর তার সাহাবাগণের পথ থেকে সরে গিয়েছ।" আল্লাহ্ তা'আলা বলেনঃ

وَمَنْ يُشَاقِقِ الرَّسُولَ مِنْ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدَى وَيَتَّبِعْ غَيْرَ سَبِيلِ الْمُؤْمِنِينَ نُوَلِّهِ مَا تَوَلَّى وَنُصْلِهِ جَهَنَّمَ وَسَاءَتْ مَصِيرًا

"কারো নিকট সত্য পথ প্রকাশ হওয়ার পর সে যদি রাসূলের বিরুদ্ধাচরণ করে এবং মু'মিনদের পথ ব্যতীত অন্য পথ অনুসরণ করে তবে যেদিকে সে ফিরে যায় সেদিকেই তাকে ফিরিয়ে দিব এবং জাহান্নামে তাকে দগ্ধ করবো, আর উহা কত মন্দ আবাস।" [108]

আর যদি তারা বলতে চায় যে সাহাবাগণও বিষয়টি এভাবেই বুঝেছিলেন যেমনটি তারা বুঝেছে। তাহলে আমরা বলবোঃ

"তাদের (সাহাবাদের) ইতিহাস এই ধারণার বিরুদ্ধে যায়। সুতরাং হয় এটি (ভ্রান্ত ব্যাখ্যাটি) সত্য আর তারা এর বিরুদ্ধে গেছেন - যা কেউ বলার সাহস করবে না একমাত্র 'জিনদিগ' ছাড়া - অথবা এটি মিথ্যা এবং বিভ্রান্তিমূলক, সুতরাং এটি তাদের (সাহাবাদের) বুঝ ছিল না আর তারা এমনটি আসলেও করেননি।"

---

[105] ইবনে ইসহাকের বর্ণনা মতে

[106] সূরা মা'য়িদা ৫:৩

[107] বুখারী, আয়শা (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত

[108] সূরা নিসা ৪:১১৫

দ্বিতীয়তঃ

وَإِنْ جَنَحُوا لِلسَّلْمِ فَاجْنَحْ لَهَا

"তারা যদি সন্ধির দিকে ঝুঁকে পড়ে, তাহলে তুমিও সন্ধির দিকে ঝুঁকবে...।" [109]

সুরা আনফালের ৬১নং আয়াতটির প্রকৃত ব্যাখ্যা তাদের বক্তব্যের বিরুদ্ধে যায়। এ ব্যাপারে দশম অধ্যায়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে।

তৃতীয়তঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর হাদীস, "শত্রুর মুখোমুখি হবার আকাঙ্ক্ষা করো না.."যার পরিপূর্ণ বর্ণনা এখানে তুলে ধরা হলো।

আব্দুল্লাহ ইবনে আবু আওফা (রদিয়াল্লাহু আনহু) থেকে আল বুখারী বর্ণনা করেছেনঃ "একদা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) দুশমনদের মোকাবিলার কোন একদিন দুপুরের সূর্য পশ্চিম দিকে ঢলে পড়া পর্যন্ত অপেক্ষা করলেন। এরপর লোকদের উদ্দেশ্যে দাঁড়িয়ে বললেন, হে লোক সকল! শত্রুর মোকাবিলার আকাঙ্ক্ষা কর না বরং আল্লাহর কাছে নিরাপত্তা চাও, তবে শত্রুর সঙ্গে যদি যুদ্ধ বেঁধে যায় তবে ধৈর্যের সাথে জিহাদ চালিয়ে যাবে, জেনে রাখ,'তরবারীর ছায়ার নিচেই জান্নাত এরপর নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) নিম্নের দু'আটি করলেন, "হে আল্লাহ্! কিতাব অবতীর্ণকারী, মেঘমালা সঞ্চালনকারী, দুশমনদের পরাস্তকারী। তাদেরকে পরাজিত ও তছনছ করে দাও এবং তাদের উপর আমাদের বিজয় দান কর।" এই হাদীসের বক্তব্য থেকে এটি স্পষ্ট যে এটি রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) একটি নির্দিষ্ট যুদ্ধে বলেছেনঃ "একদা....মোকাবিলার কোন একদিন...।" আর যে হাদীস রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) যুদ্ধক্ষেত্রে শত্রুর কাছাকাছি থাকা অবস্থায় বলেছেন, সেটি কি করে জিহাদ বর্জন করার দলীল হয়? তিনি বলেছেন, "অতঃপর শত্রুর সঙ্গে যদি যুদ্ধ বেঁধে যায়, তবে তাদের সাথে যুদ্ধ চালিয়ে যাবে..।" তিনি দু'আ করেছেন, "....শত্রুকে পরাভূত কর এবং তাদের উপর আমাদের বিজয় দান কর।" একই সাথে এই হাদীসটিতে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সাহাবাদের জিহাদের জন্য উদ্বুদ্ধ করেছেন, "....জেনে রাখ, তরবারীর ছায়ার নিচেই জান্নাত।" আর একজন মানুষ শুধুমাত্র যুদ্ধ ক্ষেত্রেই তরবারীর ছায়ার নিচে থাকে যখন সে তার শত্রুকে উন্মুক্ত তরবারী নিয়ে মোকাবেলা করে। [110]

সুতরাং লক্ষণীয় বিষয় হলো, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এই হাদীসটি বলেছেন এমন সময় যখন তিনি যুদ্ধের সম্মুখীন। আর তাছাড়া একই হাদীসে জিহাদের জন্য তাঁর উদ্বুদ্ধকরণ থেকে এও বোঝা যায় যে, শত্রু মোকাবিলার আকাঙ্ক্ষা না করার বিষয়টি একটি বিশেষ উদ্দেশ্যে বলা হয়েছে। আর তা হলো, অতিরিক্ত আত্মবিশ্বাস ও আত্মগর্ব থেকে সতর্ক থাকা। ইবনে হাযার (রহিমাহুল্লাহ) তার ব্যাখ্যায় একথাই বলেছেন, "তিনি শত্রুর মোকাবিলা করা আকাঙ্ক্ষা করতে নিষেধ করেছেন শুধুমাত্র এই কারণে যাতে কারো মাঝে সন্তুষ্টি ও নিজের উপর আস্থা বা নিজের শক্তির আতিশয্য বা কাফিরদের দুর্বল গণ্য করার প্রবণতা আসে। এগুলো সবই হলো সর্তক ও

---

[109] সূরা আনফাল ৮:৬১

[110] ফাতহুল বারী

প্রত্যয়ী থাকার বিপরীত। আর এও বলা হয় যে,'কল্যাণের ব্যাপারে সন্দেহ বা ক্ষয়ক্ষতির সম্ভাবনা থাকলে এই নিষেধ কার্যকর হয় অন্যথায় জিহাদ একটি উত্তম কাজ এবং আনুগত্য।' [111]

ইমাম নববী (রহিমাহুল্লাহ)-এর ব্যাখ্যাও একই, "আমার বক্তব্য হলোঃ শত্রুর মোকাবেলার আকাঙ্ক্ষা না করার বিষয়টি আসলে এমন নয় কারণ রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর উপস্থিতিতে আনাস বিন নাদর (রদিয়াল্লাহু আনহু) যখন শত্রুর মুখোমুখি হওয়ার আকাঙ্ক্ষা ব্যক্ত করেন তখন তাকে নিষেধ করেননি।"[112]

এই ঘটনার বর্ণনা পাওয়া যায় আনাস বিন মালিক (রদিয়াল্লাহু আনহু) হতে বুখারী ও মুসলিমে বর্ণিত হাদীসে, "আমার মামা আনাস বিন নাদর (রদিয়াল্লাহু আনহু) বদরের দিনের যুদ্ধে অনুপস্থিত ছিলেন, সুতরাং তিনি বললেনঃ"ইয়া রাসূলুল্লাহ, আমি প্রথম যুদ্ধে যা আপনি মুশরিকদের সাথে লড়েছেন- তাতে অনুপস্থিত ছিলাম। আল্লাহ্ যদি আমাকে মুশরিকদের সাথে যুদ্ধ (পরবর্তী) করার সুযোগ দেয়, তাহলে আল্লাহ্ দেখবেন আমি কি করি।" অতঃপর উহুদের দিন এলে মুসলিমরা সংকটের মুখে পড়ে। তিনি বললেন, "হে আল্লাহ্, আমি এই সব মানুষ যা করেছে তার থেকে তোমার কাছে পানাহ চাই- অর্থাৎ 'সাহাবাগণ'....আর আমি নিজেকে মুক্ত করছি তা থেকে যা এইসব লোক করেছে অর্থাৎ 'মুশরিকগণ। অতঃপর তিনি এগিয়ে গেলেন এবং সাদ বিন মুআয (রদিয়াল্লাহু আনহু)-এর সাথে সাক্ষাৎ হলো, তিনি বললেনঃ "হে সাদ বিন মুআয, আল-জান্নাত, আল নাদরের রবের কসম, আমি উহুদের ওপার থেকে জান্নাতের সুবাস পাচ্ছি।' সাদ বলেনঃ "ইয়া রাসূলুল্লাহ, সে যা করেছিল আমি তা করতে পারিনি। আনাস বলেনঃ পরবর্তীতে আমরা তার শরীরে বর্শা, তীর ও তলোয়ারের আশিটি আঘাত দেখতে পাই, আমরা দেখি যে তাকে হত্যা করা হয়েছে এবং মুশরিকরা তাকে দিয়ে দৃষ্টান্ত রেখে গেছে (বিকৃত করেছে) তাই কেউ তাকে সনাক্ত করতে পারেনি তার বোন ছাড়া, তিনি তাকে সনাক্ত করেন তার আঙ্গুলের অগ্রভাগ দেখে। আমরা মনে করতাম যে এই আয়াত তার ও তার মতো অন্যান্যদের জন্য নাযিল হয়েছেঃ

مِنَ الْمُؤْمِنِينَ رِجَالٌ صَدَقُوا مَا عَاهَدُوا اللَّهَ عَلَيْهِ فَمِنْهُمْ مَنْ قَضَى نَحْبَهُ وَمِنْهُمْ مَنْ يَنْتَظِرُ وَمَا بَدَّلُوا تَبْدِيلًا

"মু'মিনদের মধ্যে কতক আল্লাহর সাথে তাদের কৃত অঙ্গীকার পূর্ণ করেছে, তাদের মধ্যে কেউ কেউ শাহাদাত বরণ করেছে....।" [113]

আমার বক্তব্য হলোঃ এই মহান সাহাবী শত্রুর মুখোমুখি হতে চেয়েছিলেন এবং আল্লাহর প্রতি তার সত্যতা প্রমাণ করেছেন। সুতরাং এর দ্বারা আপনারা নিশ্চয়ই বুঝতে পারছেন যে, আত্মবিশ্বাসের আতিশয্য বা গর্ব থেকে সতর্ক করার উদ্দেশ্যেই তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) শত্রুর মোকাবেলা করার আকাঙ্ক্ষা করাকে নিষেধ করেছেন; আর এই দু'টি বিষয়ই (গর্ব ও আত্মবিশ্বাস) নিন্দনীয়। আর একই সাথে ঐ বিভ্রান্তদের সন্দেহকেও দূর

---

[111] ফাতহুল বারী

[112] সহীহ মুসলিম বি শারহ্ আন- নববী

[113] সূরা আহযাব —৩৩:২৩

করে দেয় যা দ্বারা তারা 'জিহাদ আত তালাব' অস্বীকার করে থাকে। অথচ আল্লাহ্ সুবহানাহু ওয়া তাআলা একে তাঁর দ্বীন প্রতিষ্ঠার উপায় হিসেবে গ্রহণ করেছেন, তিনি বলেনঃ

وَقَاتِلُوهُمْ حَتَّى لا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

"এবং তোমরা তাদের বিরুদ্ধে ক্বিতাল করতে থাকবে যতক্ষণ না ফিৎনা দূরীভূত হয় এবং আল্লাহর দ্বীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়...।" [114]

لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ

"...সকল দ্বীনের ওপর একে (ইসলাম) শ্রেষ্ঠত্ব দানের জন্য, যদিও মুশরিকরা তা অপছন্দ করে।" [115]

তিনি আরো বলেনঃ

حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ

"...তাদের সাথে যুদ্ধ করবে, যে পর্যন্ত না তারা নত হয়ে স্বহস্তে জিযিয়া দেয়।" [116]

ইবনুল কাইয়্যিম (রহিমাহুল্লাহ) বলেনঃ "আল জিহাদের লক্ষ্য শুধুমাত্র এটাই যে, আল্লাহর কালিমা সুউচ্চ হবে এবং দ্বীন সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হবে।" তিনি বলেন,'দ্বীন সম্পূর্ণরূপে প্রতিষ্ঠিত হওয়ার অর্থ হলো- কাফিররা নত হবে এবং তাদের নেতাদের উপর জিযিয়া কার্যকর হবে এবং তাদের উপর দাসত্ব চাপানো হবে- এটাই আল্লাহর দ্বীনের দাবী। এর একেবারে বিপরীত হলো, কাফিরদের তাদের ক্ষমতা বজায় রেখে যেভাবে খুশী তাদের দ্বীন প্রচারের সুবিধা করে দেয়া যাতে তারা ক্ষমতাশীল এবং দৃঢ়পদ হয়।" [117] আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) যা বলেছেন তার সাথে এর কোন পার্থক্য নেই,

لا إِكْرَاهَ فِي الدِّينِ قَدْ تَبَيَّنَ الرُّشْدُ مِنَ الْغَيِّ

"দ্বীনের ব্যাপারে জবরদস্তি নেই। নিশ্চয় সত্যপথ ভ্রান্ত পথ থেকে স্পষ্ট (পৃথক) হয়ে গেছে....।" [118]

কারণ, জিহাদকে ফরয করা হয়েছে এবং আল্লাহর কালিমা সুউচ্চ হয়েছে। এমন অবস্থা কখনোই আসবে না যতদিন না মুসলিমরা শত্রুকে পরাভূত করে এবং দখলকৃত দেশসমূহে শরীয়ত বাস্তবায়ন করে। এসকল দেশে যদি কেউ ইসলাম গ্রহণ করে তবে উত্তম এবং কেউ যদি কুফরে পড়ে থাকে তবে তাকে জোর করা হবে না। বরং সে কুফরে থাকতে পারবে তবে মুসলিম শাসনের মাঝে। সুতরাং জবরদস্তি নিষেধ করা মানে হলো ঈমানের ব্যাপারে জবরদস্তি না করা। যার কথা সুরা তওবায় বলা হয়েছে,

---

[114] সূরা আনফাল ৮:৩৯

[115] সূরা সফ ৬১:৯

[116] সূরা আত—তওবাহ ৯:২৯

[117] আহকাম আহলূল জিম্মাহ

[118] সূরা বাকারা ২:২৫৬

"...সকল দ্বীনের উপর একে শ্রেষ্ঠত্ব দানের জন্য"- তা হলোঃ জবরদস্তি চলবে যতদিন না আল্লাহর হুকুম প্রতিষ্ঠিত হয়।

আহলে কিতাব ও তার অনুসারীদের নিকট থেকে জিযিয়া নেয়ার অনুমতি শরীয়াহ-তে পাওয়া যায়- 'যতক্ষণ না তারা জিযিয়া দেয়'। তবে যারা মূর্তি পূজা করে তাদের কাছ থেকে জিযিয়া গ্রহণ করার ব্যাপারে দ্বিমত রয়েছে। "দ্বীনের ব্যাপারে জবরদস্তি নেই। নিশ্চয় সত্যপথ ভ্রান্ত পথ থেকে স্পষ্ট (পৃথক) হয়ে গেছে....।" [119]

'জিহাদ আত তালাব'-এর বৈধতার উপর মুসলিমদের বিশ্বাস বর্তমান আন্তর্জাতিক আইনের পরিপন্থী- যেখানে একটি দেশের বিরুদ্ধে অপর দেশের আগ্রাসন এবং অন্যের ভূমি জোর করে দখল করা নিষিদ্ধ। এই আইন তারাই ভাঙ্গে যারা তাদের মধ্যে শক্তিশালী।

আল্লাহ্ বলেছেনঃ

فَلا تَخْشَوُا النَّاسَ وَاخْشَوْنِ

"...সুতরাং মানুষকে ভয় করো না, আমাকে ভয় কর...।" [120]

আল্লাহ্ তা'য়ালা বলেনঃ

وَلَيَنْصُرَنَّ اللَّهُ مَنْ يَنْصُرُهُ

"...আল্লাহ্ নিশ্চয় তাকে সাহায্য করেন, যে তাকে সাহায্য করে...।" [121]

এ সকল হুকুমই ক্ষমতা ও সামর্থ্যের শর্তাধীন, আর ক্ষমতা বা সামর্থ্য অর্জন করার প্রচেষ্টাও ফরয, যতক্ষণ অক্ষমতা বিরাজ করে। আল্লাহ্ বলেনঃ

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآَخَرِينَ مِنْ دُونِهِمْ لا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لا تُظْلَمُونَ

"তোমরা তাদের মোকাবিলার জন্য যথাসাধ্য শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত রাখবে, এর দ্বারা তোমরা সন্ত্রস্ত করবে আল্লাহর শত্রুকে, তোমাদের শত্রুকে এবং এছাড়া অন্যদিগকে যাদেরকে তোমরা জানো না, আল্লাহ্ তাদেরকে জানেন। আল্লাহর পথে তোমরা যা কিছু ব্যয় করবে তার পূর্ণ প্রতিদান তোমাদের দেয়া হবে এবং তোমাদের প্রতি যুলুম করা হবে না।" [122]

---

[119] সুরা বাকারাঃ ২৫৬ নং এই আয়াতের ব্যাখ্যা—ইবনে কাসীর

[120] সূরা মায়িদা ৫:৪৪

[121] সূরা হজ্জ ২২:৪০

[122] সূরা আনফাল ৮:৬০

সপ্তম অধ্যায়ঃ জিহাদ একটি ফরযে কিফায়া ইবাদত, তবে ক্ষেত্রবিশেষে এটি প্রত্যেক ব্যক্তির জন্য

ফরয হতে পারে ইবনে কুদামাহ (রহিমাহুল্লাহ) বলেনঃ "ফরযে কিফায়ার অর্থ হলো, যখন কোন কিছু প্রতিষ্ঠার লক্ষ্যে কিছু সংখ্যক মানুষও নিযুক্ত হয় না, তখন সকলেই এর জন্য গুনাহগার হয়। আর যদি নির্দিষ্ট সংখ্যক মানুষ এটি প্রতিষ্ঠিত করে তবে বাকিরা দায়মুক্ত হয়। সুতরাং ফরযে আইনের মতো এই নির্দেশটিও সকলের প্রতি। পার্থক্য হলো, কিছু সংখ্যক ব্যক্তি পালন করলেই সকলের ফরযে কিফায়া আদায় হয়ে যায়, কিন্তু ফরযে আইনের ক্ষেত্রে অন্য কেউ আদায় করলে সকলেই দায় থেকে মুক্ত হয় না (যতক্ষণ না সে নিজে তা আদায় করে)"

এরপর তিনি দলীল দিয়ে বলেছেন যে জিহাদ ফরযে কিফায়া,"আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা)র বাণীঃ

لا يَسْتَوِي الْقَاعِدُونَ مِنَ الْمُؤْمِنِينَ غَيْرُ أُولِي الضَّرَرِ وَالْمُجَاهِدُونَ فِي سَبِيلِ اللَّهِ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ عَلَى الْقَاعِدِينَ دَرَجَةً وَكُلًّا وَعَدَ اللَّهُ الْحُسْنَى وَفَضَّلَ اللَّهُ الْمُجَاهِدِينَ عَلَى الْقَاعِدِينَ أَجْرًا عَظِيمًا

"মু'মিনদের মধ্যে যারা অক্ষম নয় অথচ ঘরে বসে থাকে ও যারা আল্লাহর পথে স্বীয় ধন-প্রাণ দ্বারা জিহাদ করে তারা সমান নয়। যারা স্বীয় ধন-প্রাণ দ্বারা জিহাদ করে আল্লাহ্ তাদেরকে, যারা ঘরে বসে থাকে তাদের উপর মর্যাদা দিয়েছেন; আল্লাহ্ সকলকেই কল্যাণের প্রতিশ্রুতি দিয়েছেন। ..."[123]

সুতরাং যতক্ষণ পর্যন্ত অন্যরা জিহাদ করছে ততক্ষণ পর্যন্ত বসে থাকা ব্যক্তি গুনাহগার নন। আর আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেনঃ

وَمَا كَانَ الْمُؤْمِنُونَ لِيَنْفِرُوا كَافَّةً فَلَوْلا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِنْهُمْ طَائِفَةٌ لِيَتَفَقَّهُوا فِي الدِّينِ وَلِيُنْذِرُوا قَوْمَهُمْ إِذَا رَجَعُوا إِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُونَ

"মু'মিনদের সকলের একসঙ্গে অভিযানে বের হওয়া সংগত নয়, তাদের প্রত্যেক দলের এক অংশ বহির্গত হয় না কেন, যাতে তারা দ্বীন সম্পর্কে গভীর জ্ঞান অনুশীলন করতে পারে ..."[124]

আর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অনেক সময় বিভিন্ন স্থানে বাহিনী পাঠিয়ে অন্যান্য সাহাবাদের সাথে (মদীনায়) অবস্থান করতেন।" [125]

ইবনে কুদামাহ বলেনঃ "তিনটি ক্ষেত্রে জিহাদ নির্দিষ্টভাবে (ব্যক্তি বা গোষ্ঠীর উপর) ফরয হয়ঃ

---

[123] সূরা— নিসা ৪:৯৫

[124] সূরা আত—তাওবাহ ৯:১২২

[125] আল্ মুগনী ওয়াশ শারহ্ আল কাবীর / দশম খন্ড

প্রথমতঃ যখন দুইটি বাহিনী পরস্পর মিলিত হয় এবং মুখোমুখি অবস্থান করে। ঐ বিশেষ মুহূর্তের সেখানে অবস্থানকারী প্রত্যেকের জন্য পৃষ্ঠপ্রদর্শন করা হারাম। কারণ আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেনঃ "হে মু'মিনগণ! যখন তোমরা কোন বাহিনীর সম্মুখীন হবে তখন অবিচলিত থাকবে এবং আল্লাহকে অধিক স্মরণ করবে..."

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ وَأَطِيعُوا اللَّهَ وَرَسُولَهُ وَلا تَنَازَعُوا فَتَفْشَلُوا وَتَذْهَبَ رِيحُكُمْ وَاصْبِرُوا إِنَّ اللَّهَ مَعَ الصَّابِرِينَ

এরপর তিনি বলেছেন, **"...তোমরা ধৈর্যধারণ কর; নিশ্চয় আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে রয়েছেন।"** [126]

তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) আরও বলেছেনঃ

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا إِذَا لَقِيتُمُ الَّذِينَ كَفَرُوا زَحْفًا فَلا تُوَلُّوهُمُ الْأَدْبَارَ وَمَنْ يُوَلِّهِمْ يَوْمَئِذٍ دُبُرَهُ إِلا مُتَحَرِّفًا لِقِتَالٍ أَوْ مُتَحَيِّزًا إِلَى فِئَةٍ فَقَدْ بَاءَ بِغَضَبٍ مِنَ اللَّهِ وَمَأْوَاهُ جَهَنَّمُ وَبِئْسَ الْمَصِيرُ

"হে মু'মিনগণ! যখন তোমরা কাফির বাহিনীর সম্মুখীন হবে তখন তোমরা পৃষ্ঠপ্রদর্শন করবে না। যে ব্যক্তি পৃষ্ঠপ্রদর্শন করবে সে অবশ্যই আল্লাহর গযবে পতিত হবে,..."[127]

দ্বিতীয়তঃ কাফিররা কোন দেশ আক্রমণ করলে ঐ দেশে অবস্থানকারী সকলের উপর জিহাদ ফরয।

তৃতীয়তঃ ইমাম যদি সকলকে জিহাদের ডাক দেয় তবে সকলের জন্য এতে অংশ নেয়া বাধ্যতামূলক। কারণ আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেনঃ

إِنَّمَا يَسْتَأْذِنُكَ الَّذِينَ لا يُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآَخِرِ وَارْتَابَتْ قُلُوبُهُمْ فَهُمْ فِي رَيْبِهِمْ يَتَرَدَّدُونَ

"হে মু'মিনগণ! তোমাদের কি হলো যে, যখন তোমাদেরকে আল্লাহর পথে অভিযানে বের হতে বলা হয় তখন তোমরা ভারাক্রান্ত হয়ে জমীনকে আঁকড়ে ধর?"[128]

---

[126] সূরা আনফাল ৮:৪৫—৪৬

[127] সূরা আনফাল ৮:১৫—১৬

[128] সূরা আত—তাওবাহ ৯:৪৫

এই আয়াত এবং এর পরবর্তী আয়াত উভয়েই একই বক্তব্য পেশ করে। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "তোমাদের যদি ডাক দেয়া হয়, তবে তোমরা (ডাকে) সাড়া দাও.. [129]

আমার (ইবনে কুদামাহ) বক্তব্য হলোঃ দ্বিতীয় পরিস্থিতিটির দলীল প্রথমটির মাঝেই রয়েছে।

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا إِذَا لَقِيتُمْ فِئَةً فَاثْبُتُوا وَاذْكُرُوا اللَّهَ كَثِيرًا لَعَلَّكُمْ تُفْلِحُونَ

"হে মু'মিনগণ! যখন তোমরা কোন বাহিনীর সম্মুখীন হবে তখন অবিচলিত থাকবে এবং আল্লাহকে অধিক স্মরণ করবে ..."এরপর তিনি বলেছেন, "...তোমরা ধৈর্যধারণ কর; নিশ্চয় আল্লাহ্ ধৈর্যশীলদের সাথে রয়েছেন।" [130]

কারণ, মুসলিম রাষ্ট্রের দিকে কাফিরদের এগিয়ে আসার মানে হলো দুই দল পরস্পর মুখোমুখি হওয়া এবং সংঘর্ষ।

আমার (ইবনে কুদামাহ) বক্তব্য হলোঃ ফরযে কিফায়া জিহাদের জন্য নয়টি শর্ত রয়েছে। এগুলো হলোঃ "ইসলাম, সাবালক, মানসিকভাবে সুস্থ, মুক্ত, পুরুষ, শারীরিকভাবে সক্ষম, (জিহাদের) খরচ বহনে সক্ষম, অভিভাবকের অনুমতি এবং পাওনাদারের অনুমতি।" [131]

এর মধ্যে ফরযে আইন জিহাদের জন্য শর্ত হলো শুধু প্রথম পাঁচটি।

---

[129] মুত্তাফাকূন 'আলাইহি)" (আল্ মুগনী ওয়াশ শারহ্ আল কাবীর / দশম খন্ড

[130] সূরা আনফাল ৮:৪৫

[131] আল্ মুগনী ওয়াশ শারহ্ আল কাবীর / দশম খন্ড

অষ্টম অধ্যায়ঃ প্রত্যেক মুসলিমের জন্য সামরিক প্রশিক্ষণ বাধ্যতামূলক

প্রত্যেক মুসলিমের উপর, শরীয়ত সম্মত ওজর ছাড়া, সামরিক প্রশিক্ষণ বাধ্যতামূলক হওয়ার কারণ হলো, জিহাদ যেকোন সময় যে কারো উপর ফরযে আইন হয়ে যেতে পারে। শুধু উন্নত অস্ত্র থাকলেই জিহাদ হবে না, এর প্রশিক্ষণ নিতে হবে। আর কোন একটি ফরয পালন করা যদি অন্য কোন বিষয়ের উপর নির্ভরশীল হয় তবে ঐ বিষয়টিও বাধ্যতামূলক হয়ে পড়ে। আর তাছাড়া আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) নিজে প্রশিক্ষণ বা প্রস্তুতির আদেশ করেছেনঃ

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ

"তোমরা প্রস্তুত রাখবে তাদের মোকাবিলার জন্য যথাসাধ্য 'শক্তি' (কুউওয়া)..."[132]

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) 'শক্তি'-র ব্যাখ্যা দিয়েছেন, "নিশ্চয়ই শক্তি (কুউওয়া) রয়েছে নিক্ষেপ করার মাঝে" একথা তিনি তিনবার বলেছেন। কারো জন্য এটি যথেষ্ট নয় যে সে জীবনে একবার প্রশিক্ষণ নিয়ে বসে থাকবে। বরং তাকে এই প্রশিক্ষণ চালিয়ে যেতে হবে যাতে সে তার সামরিক যোগ্যতা বজায় রাখতে পারে। আর এ ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম হুশিয়ার করে দিয়েছেন, "যে ব্যক্তি নিক্ষেপণ (শুটিং) শিখে তা ছেড়ে দিল, সে আমাদের থেকে নয়"। এই হাদীস দ্বারা সার্বক্ষনিকভাবে জিহাদের প্রস্তুতিকে বাধ্যতামূলক করা হয়েছে। আল্লাহ্ সুবহানাহু ওয়া তাআলা বলেছেনঃ

وَدَّ الَّذِينَ كَفَرُوا لَوْ تَغْفُلُونَ عَنْ أَسْلِحَتِكُمْ وَأَمْتِعَتِكُمْ فَيَمِيلُونَ عَلَيْكُمْ مَيْلَةً وَاحِدَةً

"কাফেররা কামনা করে যেন তোমরা তোমাদের অস্ত্রশস্ত্র ও আসবাবপত্র সম্বন্ধে অসতর্ক হও যেন তারা তোমাদের উপর একেবারে ঝাঁপিয়ে পড়তে পারে..."[133]

আর এখানে উল্লেখ্য যে, শত্রু যখন মুসলিম রাষ্ট্রে প্রবেশ করে তখন জিহাদের জন্য প্রশিক্ষণ কোন শর্ত নয়। ইবনে তাইমিয়্যাহ (রহিমাহুল্লাহ) বলেনঃ "আত্মরক্ষামূলক জিহাদ, যেখানে আগ্রাসনকারীকে পবিত্র ভূমি ও দ্বীন থেকে বিতাড়িত করাটাই জরুরী; সুতরাং এটি বাধ্যতামূলক এবং এব্যাপারে ইজমা রয়েছে। সুতরাং আগ্রাসী শত্রু যে এই দ্বীন ও জীবনকে কলুষিত করছে তাকে দমনের চেয়ে বড় কোন দায়িত্ব নেই। আর এর জন্য কোন শর্ত নেই এবং যে কোন উপায়ে একে অবশ্যই দমন করতে হবে।" [134] আমার (লেখক) বক্তব্য হলো, যদি সকল ব্যক্তির উপর জিহাদ ফরয হয়ে যায়, প্রশিক্ষণ না থাকলেও তাকে এতে অংশ নিতে হবে; অবশ্য যদি তার শরীয়ত সম্মত ওজর থাকে অথবা যদি তার অস্ত্র চালনার দরুন তার এবং অন্য ভাইদের ক্ষতিগ্রস্ত হবার আশংকা থাকে তবে ভিন্ন

---

[132] সূরা আনফাল ৮:৬০

[133] সূরা নিসা ৪:১০২

[134] আল ইখতিয়ারাহ্ আল ফিক্বখিয়্যাহ্

কথা। কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,"কোন প্রকারের ক্ষতিসাধন করা যাবে না এবং (প্রতিশোধস্বরূপ) ক্ষতিও করা যাবে না।" আর জিহাদে প্রত্যেক মুসলিমের জন্য তার আমির কর্তৃক প্রদত্ত দায়িত্ব সাধ্যমত পালন করা বাধ্যতামূলক।

নবম অধ্যায়ঃ মুসলিম জাতি একটি মুজাহিদ জাতি; সুতরাং এর নীতিসমূহও সেভাবেই গৃহীত হবে

উপরোক্ত আলোচনা থেকে কয়েকটি বিষয় জানা গেছে; মুসলিমদের জিহাদ আত তালাব এবং জিহাদ আদ দিফা'য় এই দুই প্রকারের জিহাদ করতে হবে; জিহাদ ফরযে কিফায়া এবং ক্ষেত্রবিশেষে ফরযে আইন হয়ে থাকে এবং সামরিক প্রশিক্ষণ গ্রহণ করা এবং তা অব্যাহত রাখা প্রত্যেক মুসলিমের জন্য বাধ্যতামূলক।

আমরা জিহাদ আত তালাব অর্থাৎ শত্রুর দেশে গিয়ে তাকে আক্রমণ করার কথাও বিবেচনা করি; অধিকাংশ আলেমের মতে এটিও বছরে কমপক্ষে একবার পরিচালনা করা ফরয। আর যদি মুসলিমরা অক্ষম না হয় বা শত্রুর সাথে কোন চুক্তি না থাকে তবে এটিই হলো সর্বনিম্ন আবশ্যকতা। অন্যরা বিষয়টিকে এভাবে বলেছেন যে, যতক্ষণ পর্যন্ত মুসলিমরা সক্ষম ততক্ষণ পর্যন্ত এটি চালিয়ে যেতে হবে এবং এর কোন (বাৎসরিক) নির্দিষ্ট সংখ্যা নেই।

আর যারা একে বছরে একবার বাধ্যতামূলক বলেছেন-তাদের সংখ্যাই বেশী- তারা প্রমাণ পেশ করেছেন যে, ইসলামী রাষ্ট্রেও অমুসলিমদের উপর জিযিয়া বাধ্যতামূলক এবং এটি জিহাদের পরিবর্তে আদায় হয় বছরে একবার। সুতরাং জিহাদের বিকল্প জিযিয়া যেহেতু বছরে একবার তাই জিহাদও বছরে কমপক্ষে একবার করতে হবে। [135]

আমার (লেখক) বক্তব্য হলোঃ এ বিষয়টি আল্লাহর আয়াতে স্পষ্ট,

أَوَلا يَرَوْنَ أَنَّهُمْ يُفْتَنُونَ فِي كُلِّ عَامٍ مَرَّةً أَوْ مَرَّتَيْنِ ثُمَّ لا يَتُوبُونَ وَلا هُمْ يَذَّكَّرُونَ

"তারা কি দেখতে পায় না, প্রতি বছর তাদের কিভাবে একবার কিংবা দুবার বিপর্যস্ত করা হচ্ছে? এরপরও তারা তওবা করে না এবং তারা কোন শিক্ষা গ্রহণ করে না।" [136]

ইবনে কাসীর (রহিমাহুল্লাহ) তার তাফসীরে কাতাদাহ (রহিমাহুল্লাহ) থেকে ব্যাখ্যা করেছেন, "তারা বছরে একবার অথবা দুইবার যুদ্ধের দ্বারা পরীক্ষিত হয়।" আল্ কুরতুবী (রহিমাহুল্লাহ) জিহাদ আত তালাব সংক্রান্ত আলোচনায় বলেছেন, "আর দ্বিতীয় এক প্রকারের ফরয জিহাদ হলো শত্রুর মোকাবেলার জন্য প্রতি বছর একটি বাহিনী প্রেরণ করা; যা নেতার (ইমাম) উপরে ফরয। তিনি হয় নিজে এতে অংশ নিবেন অথবা বিশ্বস্ত কাউকে এই দায়িত্ব দিয়ে পাঠাবেন যাতে সে তাদেরকে ইসলামের দিকে ডাকে; তাদেরকে আক্রমণ করে অপকারগুলো দূর করে এবং তাদের উপর আল্লাহর দ্বীনের প্রাধান্য নিশ্চিত করে; যতক্ষণ না তারা ইসলামে প্রবেশ করে অথবা স্বেচ্ছায় জিযিয়া দেয়। এবং আরো একটি জিহাদ বাধ্যতামূলক। আর তা হলো ইমাম বাহিনীর পর বাহিনী পাঠাতে থাকবে এবং

---

[135] আল্ মুগনী ওয়াশ শারহ্ আল কাবীর / দশম খন্ড

[136] সূরা আত—তাওবাহ ৯:১২৬

যখন সম্ভব বা যখন তারা অন্যমনস্ক থাকবে তখন প্লাটুন নামাবে। এবং প্রহরার মাধ্যমে তাদের উপর নজরদারী করবে এবং শক্তির প্রদর্শনী করবে।" [137]

আমি (লেখক) বলিঃ সুতরাং ইমাম কুরতুবীও, অধিকাংশের মত অনুযায়ী বছরে একবার জিহাদের সমর্থক ছিলেন; এর চেয়ে বেশী (সংখ্যক জিহাদ) ইমামের ইচ্ছাধীন। সুতরাং আমরা যদি এই জিহাদ ও এর প্রস্তুতির আবশ্যকতার দিকে তাকাই যা আল্লাহ্ তাঁর আয়াতে উল্লেখ করেছেনঃ

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ

"তোমরা প্রস্তুত রাখবে তাদের মোকাবিলার জন্য যথাসাধ্য 'শক্তি' (কুউওয়া).."[138]

... এ থেকেই আমরা জানতে পারি যে মুসলিম জাতি সর্বাগ্রে একটি মুজাহিদ জাতি। আর এই দায়িত্ব পালন করে স্বরাষ্ট্র ও পররাষ্ট্র উভয় ক্ষেত্রেই এসকল দায়িত্ব পালন করতে হবে। সুতরাং শিক্ষা, অবকাঠামো, বাণিজ্য, জনসংখ্যার এলাকাভিত্তিক বন্টন; এ সকল নীতিই হবে জিহাদ কেন্দ্রিক। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন,"একজন মুসলিম অন্য মুসলিমের জন্য ইটের (গাঁথুনি) স্বরূপ, প্রত্যেকেই অন্যদেরকে সহায়তা (শক্তিশালী) করে।"[139] তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আরো বলেনঃ "পারস্পরিক ভালোবাসা, প্রেম-প্রীতি ও বন্ধুবৎসলতা মু'মিনদের উদাহরণ একটি শরীরের ন্যায়; যখন একটি অঙ্গ ব্যথা অনুভব করে, তখন জ্বর ও নিদ্রাহীনতার কারণে সমগ্র শরীরই ব্যথা অনুভব করে।" [140]

---

[137] তাফসীর আল কুরতুবী, অষ্টম খন্ড

[138] সূরা আনফাল ৮:৬০

[139] মুত্তাফাকূন 'আলাইহি, আবু মূসা হতে বর্ণিত

[140] মুত্তাফাকূন আলাইহি, আন—নু'মান ইবন বাশীর হতে বর্ণিত

দশম অধ্যায়ঃ আর অক্ষমতা ছাড়া কোন কিছুই মুসলিমদের জিহাদ থেকে বিরত রাখতে পারে না। এবং সেই মুহূর্ত থেকে প্রস্তুতি ওয়াজিব হয়ে পড়ে

কারণ, আল্লাহ্ সুবহানাহু ওয়া তাআলা বলেছেনঃ

فَلا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ وَأَنْتُمُ الْأَعْلَوْنَ وَاللَّهُ مَعَكُمْ وَلَنْ يَتِرَكُمْ أَعْمَالَكُمْ

"সুতরাং তোমরা হীনবল হয়ো না এবং সন্ধির প্রস্তাব করো না, যখন তোমরাই প্রবল..."[141]

অতএব, মুসলিমরা ততদিন তাদের শত্রুর চেয়ে শ্রেষ্ঠ থাকবে যতদিন শক্তিশালী থাকবে, সেখানে কোন সন্ধি বা 'হুদনাহ' অথবা কোন চুক্তি থাকবে না। বরং যুদ্ধ চলতে থাকবে যতক্ষণ না ফিৎনা দূরীভূত হয় আর দ্বীন শুধুমাত্র আল্লাহর জন্য নির্ধারিত হয়। কারণ জিহাদের ব্যাপারে নাযিলকৃত সর্বশেষ আয়াতে তিনি বলেছেনঃ

فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَاقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَأَقَامُوا الصَّلاةَ وَآَتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ

".... মুশরিকদের যেখানে পাও হত্যা করো, তাদেরকে ধরে ফেল, তাদেরকে অবরোধ করে রাখো এবং ঘাঁটিস্থল সমূহে তাদের সন্ধানে অবস্থান কর। অতঃপর যদি তারা তওবা করে, সালাত আদায় করে এবং যাকাত দেয়, তবে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ্ অতিশয় ক্ষমাপরায়ণ, পরম করুণাময়।" [142]

সুতরাং এই আয়াত এবং একই সূরার জিযিয়া সংক্রান্ত আয়াত সাধারণ কিতালের হুকুম সম্বলিত এবং এগুলো কুরআনের সর্বশেষে নাযিলকৃত অর্থাৎ এগুলোকে মানসুখ করা হয়নি। আল বুখারী (রহিমাহুল্লাহ) আল বারা (রদিয়াল্লাহু আনহু) হতে বর্ণনা করেছেন, তিনি বলেছেন, "সর্বশেষ নাযিলকৃত সূরা হলো আল বারা'আহ [143]

আর এভাবেই রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) ও তাঁর অনুসরণকারীগণ মুশরিক ও আহলে কিতাবীদের সাথে ক্বিতাল চালিয়ে যান। এ ব্যাপারে ত্রয়োদশ অধ্যায়ে আলোচনা করা হবে। আর অক্ষমতা ছাড়া কোন কিছুই এ থেকে বিরত রাখতে পারে না। আর কাফিররা প্রাণান্ত চেষ্টা করেছিল যাতে মুসলিমরা অস্ত্র না পায়। আল্লাহ্ বলেছেন,

وَدَّ الَّذِينَ كَفَرُوا لَوْ تَغْفُلُونَ عَنْ أَسْلِحَتِكُمْ وَأَمْتِعَتِكُمْ فَيَمِيلُونَ عَلَيْكُمْ مَيْلَةً وَاحِدَةً

---

[141] সূরা মুহাম্মদ ৪৭:৩৫

[142] সূরা আত—তাওবাহ ৯:৫

[143] সূরা তাওবা ,সহীহ বুখারী

“কাফিররা কামনা করে যেন তোমরা তোমাদের অস্ত্রশস্ত্র ও আসবাবপত্র সম্পর্কে অসতর্ক হও, যাতে তারা তোমাদের ওপর একেবারে ঝাঁপিয়ে পড়তে পারে।” [144]

এবং এই গ্রন্থে আমি উল্লেখ করেছি যে, যদি কেউ অক্ষমতার কারণে জিহাদ থেকে বিরত থাকে, তবে প্রস্তুতি তার উপর ফরয হবে। কারণ ঐ আয়াত যেখানে বলা হয়েছে, ‘...আর তাদের বিরুদ্ধে প্রস্তুত রাখো...’। ইবনে তাইমিয়্যাহ (রহিমাহুল্লাহ) ও একই কথা ব্যক্ত করেছেন।

পূর্ববর্তী আলোচনা থেকে একথা স্পষ্ট যে, কাফিরদের সাথে মুসলিমদের সম্পর্ক শুধুমাত্র যুদ্ধের মাঝে সীমাবদ্ধ এবং এক্ষেত্রে একটিই ব্যতিক্রম রয়েছে; আর তা হলো ‘হুদনাহ’ বা চুক্তির মাধ্যমে শান্তি। আর এই ব্যতিক্রম পন্থার আশ্রয় গ্রহণেরও প্রয়োজন নেই যদি অক্ষমতা বা এরকম কোন পরিস্থিতির সৃষ্টি না হয়। এটি আল্লাহর আয়াতে স্পষ্ট বর্ণিত আছে,

فَلا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ وَأَنْتُمُ الْأَعْلَوْنَ

“সুতরাং তোমরা হীনবল হয়ো না এবং সন্ধির প্রস্তাব করো না, যখন তোমরাই প্রবল...”[145]

ইবনে কুদামাহ (রহিমাহুল্লাহ) বলেনঃ “আর ‘হুদনাহ’ এর অর্থ হলো এমন চুক্তি যা যুদ্ধরত মানুষদের সাথে যুদ্ধ বিরতির ব্যাপারে করা হয়, কোন কিছুর বিনিময়ে বা বিনিময় ছাড়া। আর একে বলা হয় ‘মুহাদানাহ’ এবং ‘মুওয়াদাতাহ’ এবং ‘মুওয়াহাদাহ’ এবং এটি আল্লাহর আয়াতের দ্বারা জায়েয। আল্লাহ্ তা’আলা বলেনঃ “এটি সম্পর্কচ্ছেদ আল্লাহ্ ও তাঁর রাসূলের পক্ষ থেকে সেই সমস্ত মুশরিকদের সাথে যাদের সাথে তোমরা চুক্তিতে আবদ্ধ হয়েছিলে।” [146]

তিনি আরো বলেনঃ

وَإِنْ جَنَحُوا لِلسَّلْمِ فَاجْنَحْ لَهَا وَتَوَكَّلْ عَلَى اللَّهِ

“যদি তারা সন্ধির দিকে ঝুঁকে পড়ে তবে তোমরাও সন্ধি করতে আগ্রহী হও...”[147]

মারওয়ান এবং মিশওয়ার ইবনে মাকরামাহ (রদিয়াল্লাহু আনহু) বর্ণনা করেন, যে রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) হুদাইবিয়ায় সুহাইল বিন আমরের সাথে দশ বছরের যুদ্ধ বিরতির ব্যাপারে চুক্তিতে আবদ্ধ হন। কারণ মুসলিমদের ভেতরে দুর্বলতা থাকতে পারে, আর ‘হুদনাহ’ করার মাধ্যমে তারা (ঐ সময়) শক্তিশালী হতে পারে। তবে এটি জায়েয নয়, যদি মুসলিমদের পরিস্থিতি (এর জন্য) উপযুক্ত না হয়। যেমন, মুসলিমদের মাঝে যুদ্ধ করার ক্ষেত্রে দুর্বলতা থাকতে পারে, অথবা ‘হুদনাহ’ এর মাধ্যমে তারা ইসলামে প্রবেশ করবে এমন আশা অথবা তারা

---

[144] সূরা নিসা ৪:১০২

[145] সূরা মুহাম্মদ ৪৭:৩৫

[146] সূরা আত—তাওবাহ ৯:১

[147] সূরা আনফাল ৮:৬১

জিযিয়া দেবে এবং দ্বীনের হুকুমসমূহ অনুসরণ করবে অথবা অন্য কোন সুবিধা লাভের আশা থাকলে। আর যদি (এমন পরিস্থিতি) নিশ্চিত হয় তার পরও 'হুদনাহ'- এর জন্য একটি নির্দিষ্ট সময় বেধে দিতে হবে নতুবা এটি হবে চিরতরে জিহাদ ছেড়ে দেয়ার শামিল।" আর ইবনে কুদামাহ (রহিমাহুল্লাহ) 'হুদনাহ' সম্পর্কে বলেনঃ "(সুনির্দিষ্ট) পরিস্থিতি (উদ্ভব হওয়া) ছাড়া এটি জায়েজ নয়।" অর্থাৎ এর থেকে সুবিধা পাওয়া গেলেই কেবল এটি জায়েয।

'আল মাজমু' গ্রন্থের লেখক বলেনঃ "(একজন ব্যক্তির জন্য) কোন অঞ্চল বা এলাকার সাথে 'হুদনাহ' চুক্তি করা জায়েয নয় যদি না সে হয় ইমাম বা তার প্রতিনিধি। কারণ, এটি যদি প্রত্যেক ব্যক্তির জন্য (জায়েয) হতো তবে কোন কিছুই একজন ব্যক্তিকে কোন এলাকার মানুষের সাথে 'হুদনাহ' করা থেকে বিরত রাখতে পারত না, যদিও উপকার থাকত যুদ্ধের মাঝে, সুতরাং এর দ্বারা ক্ষতিই বৃদ্ধি পেত। আর একারণেই ইমাম বা তার প্রতিনিধি ছাড়া (কারো জন্য) এটি জায়েয নয়। কিন্তু যদি ইমাম অনুপস্থিত থাকে তবে এটি ভেবে দেখবার বিষয়। সেক্ষেত্রে এই হুদনাহ-এর মাঝে যদি কোন উপকার না থাকে তবে এ চুক্তি সম্পাদন জায়েয নয়।

আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা)র বাণীঃ

فَلا تَهِنُوا وَتَدْعُوا إِلَى السَّلْمِ وَأَنْتُمُ الْأَعْلَوْنَ

"সুতরাং তোমরা হীনবল হয়ো না এবং সন্ধির প্রস্তাব করো না যখন তোমরাই প্রবল। আল্লাহ্ তোমাদের সাথে আছেন....।" [148]

ইবনে কাসীর (রহিমাহুল্লাহ) এই আয়াতের তাফসীরে বলেনঃ "...এবং সন্ধির প্রস্তাব করো না।" অর্থাৎ 'মুহাদানাহ' বা 'মুসালামাহ',- কাফিরদের সাথে যুদ্ধ বিরতি করা যখন তোমরা সংখ্যা ও অস্ত্রের দিক দিয়ে শক্তিশালী। আর একারণেই তিনি (আল্লাহ্) বলেছেনঃ "সুতরাং তোমরা হীনবল হয়ো না এবং সন্ধির প্রস্তাব করো না যখন তোমরাই প্রবল।" অর্থাৎ এমন পরিস্থিতিতে যখন (তোমরা) শত্রুর চেয়ে শ্রেয়। তবে কাফিররা যদি শক্তিশালী হয় এবং মুসলিমদের তুলনায় অধিক সংখ্যক হয়, আর ইমাম যদি মনে করেন যে 'মুহাদানাহ' বা 'মুওয়াহাদা'র মাঝে কল্যাণ রয়েছে তবে এটি তার জন্য জায়েয হবে, যেভাবে রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) চুক্তি করেছিলেন তাদের সাথে তাঁর দশ বছরের জন্য যুদ্ধ বন্ধের ব্যাপারে যখন কুরাইশরা তাকে মক্কায় প্রবেশে বাধা দেয় এবং চুক্তির আহবান জানায়। তখন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এটি গ্রহণ করেন। এবং আল্লাহ্ আ'জ্জা ওয়াজাল্লা বলেনঃ 'আল্লাহ্ তোমাদের সাথে আছেন...' এর মাঝে শত্রুর উপর বড় বিজয়ের সুসংবাদ রয়েছে।"

তবে কিছু মানুষ আছে, বিশেষ করে বিদ'আতীদের মাঝে, যারা মনে করে যে কাফিরদের সাথে মুসলিমদের সম্পর্ক মূলতঃ শান্তি ও সম্প্রীতি যার ব্যতিক্রম হলো যুদ্ধ, যা বিভিন্ন পরিস্থিতির কারণে সংঘটিত হয়। তারা এর প্রমাণ হিসেবে পেশ করে,

وَإِنْ جَنَحُوا لِلسَّلْمِ فَاجْنَحْ لَهَا وَتَوَكَّلْ عَلَى اللَّهِ

---

[148] সূরা মুহাম্মদ ৪৭:৩৫

“তারা যদি সন্ধির দিকে ঝুঁকে পড়ে তবে তোমরাও সন্ধি করতে আগ্রহী হও,...”[149]

এই রায় জিহাদ আত তালাবকে শেষ করে দেয় এবং জিহাদকে শুধুমাত্র জিহাদ আদ দিফা’য় এর মাঝে সীমাবদ্ধ করে দেয়। এই ভুলটির ব্যাপারে আমরা ষষ্ট অধ্যায়ে আলোচনা করেছি। আর সে আয়াতটিকে দলীল হিসেবে পেশ করা হয়েছে, তাতে আসলে এর কোন দলীল নেই; কারণ, এই আয়াতের বর্ণিত শান্তি হলো তখনকার জন্য যখন মুসলিমদের জন্য তা আবশ্যক। আর উক্ত আয়াতে এ বিষয়টি পরিষ্কার করা হয়েছেঃ সুতরাং তোমরা হীনবল হইও না এবং সন্ধির প্রস্তাব করিও না, যখন তোমরাই প্রবল;[150] সুতরাং সূরা আনফালের আয়াতটি একটি শর্ত দ্বারা সীমাবদ্ধ আর তা হলো, যখন মুসলিমদের জন্য এই চুক্তি প্রয়োজন হবে এবং তা কল্যাণকর হবে তখনই কেবল শান্তি প্রস্তাব করা যাবে। আর সূরা মুহাম্মাদের বর্ণিত পরিস্থিতিতে (শক্তিশালী অবস্থায়) শান্তি স্থাপন কল্যাণকর নয়। আর তা হলো যখন কাফিরদের পরাভূত করার মতো শক্তি মুসলিমদের হাতে থাকবে তখন, কাফিরদের সাথে শান্তি স্থাপন করার অনুমতি নেই, যা এই আয়াত থেকে স্পষ্ট। আর যদি তা করা হয় তবে তা পরিপূর্ণরূপে দ্বীন কায়েম করার উদ্দেশ্য থেকে সরে যাওয়ার শামিল হবে। আল্লাহ্ তা’আলা বলেনঃ

وَقَاتِلُوهُمْ حَتَّى لا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

“এবং তোমরা তাদের বিরুদ্ধে ক্বিতাল করতে থাকবে যতক্ষণ না ফিৎনা দূরীভূত হয় এবং আল্লাহর দ্বীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়।” [151]

তিনি আরও বলেনঃ

هُوَ الَّذِي أَرْسَلَ رَسُولَهُ بِالْهُدَى وَدِينِ الْحَقِّ لِيُظْهِرَهُ عَلَى الدِّينِ كُلِّهِ وَلَوْ كَرِهَ الْمُشْرِكُونَ

“তিনিই তাঁর রাসূলকে প্রেরণ করেছেন হুদা (হেদায়েত) ও সত্য দ্বীনসহ সকল দ্বীনের উপর তাকে বিজয়ী করার জন্য, যদিও মুশরিকরা তা অপছন্দ করে।” [152]

এটাই হলো মৌলিক লক্ষ্যঃ মুশরিকদের সাথে যুদ্ধের মাধ্যমে ইসলাম প্রতিষ্ঠা কর যাতে তারা, হয় আল্লাহর ইবাদতের দিকে ফিরে ইসলামে প্রবেশ করবে, অথবা ইসলামী শাসন মেনে নিয়ে জিযিয়া প্রদান করে কুফরী অবস্থায় অনড় থাকবে এবং তাদের উপর দমন ও নিগ্রহ চাপিয়ে রাখা হবে। আর এটাই তার জন্য আবশ্যকীয় প্রতিফল যে আল্লাহর ইবাদত থেকে মুখ ফিরিয়ে নেয়। আল্লাহ্ তা’আলা বলেনঃ

حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ

---

[149] সূরা আনফাল ৮:৬১

[150] সূরা মুহাম্মাদ ৪৭:৩৫

[151] সূরা আনফাল ৮:৩৯

[152] সূরা সফ ৬১:৯

“তাদের সাথে যুদ্ধ করবে যে পর্যন্ত না তারা নত হয়ে জিযিয়া দেয়।”[153]

তিনি আরো বলেনঃ

إِنَّ الَّذِينَ يُحَادُّونَ اللَّهَ وَرَسُولَهُ أُولَئِكَ فِي الْأَذَلِّينَ

“যারা আল্লাহ্ ও রাসূলের বিরোধিতা করে তারা হবে চরম লাঞ্ছিতদের অন্তর্ভুক্ত।” [154]

ইবনে কাসীর (রহিমাহুল্লাহ) সূরা আনফালের উক্ত আয়াতের (তারা যদি সন্ধির দিকে ঝুঁকে পড়ে....) ব্যাখ্যায় বলেনঃ “ইবনে আব্বাস, মুজাহিদ, যাইদ ইবনে আসলাম, আতা আল খুরাসানী, ইশরামাহ, আল হাছান এবং কাতাদাহ বলেনঃ এই আয়াতটি সূরা তাওবার ‘তরবারীর আয়াত’টি (আয়াত ২৯) দ্বারা মানসুখ হয়েছে, যেখানে আল্লাহ্ বলেনঃ “তাদের সাথে যুদ্ধ কর, যারা আল্লাহর উপর ঈমান আনে না এবং শেষ দিনের উপর....”। আর এটি অবশ্য একটি অস্পষ্ট বিষয় কারণ সূরা তাওবায় শত্রুদের বিরুদ্ধে যুদ্ধের হুকুম রয়েছে যদি তা সম্ভব হয়। কিন্তু শত্রু যদি খুবই শক্তিশালী হয়, তাহলে তাদের সাথে ‘হুদনাহ’ করা জায়েয হবে, যা সূরা আনফালে (৬১ নং আয়াতে) বলা হয়েছে এবং হুদায়বিয়ার দিন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তা করেছিলেন। সুতরাং এ ব্যাপারে কোন দ্বিমত বা মানসুখ হওয়া বা শর্ত আরোপের ব্যাপার নেই। আল্লাহ্ ই সবচেয়ে ভাল জানেন।”

আর ইবনে হাজার (রহিমাহুল্লাহ) এই একই আয়াতের ব্যাপারে বলেছেনঃ “তারা যদি সন্ধির দিকে ঝুঁকে পড়ে তবে তোমরাও সন্ধি করতে আগ্রহী হও”, এতে মুশরিকদের সাথে মুসলাহাহ্ স্থাপনের কথা তোলা হয়েছে। তিনি বলেনঃ “এ আয়াত যে শর্তাধীনে রয়েছে তার অর্থ হলো- শান্তি স্থাপনের হুকুম সে পর্যন্তই সীমাবদ্ধ যে পর্যন্ত ইসলামের কল্যাণ হবে, তবে ইসলাম যদি কুফরের উপর শক্তিশালী হয় আর ‘মুসালাহাহ’-তে কোন কল্যাণ না থাকে তবে (এ হুকুম কার্যকর) নয়। [155]

সুতরাং যে আয়াতটি তারা দলীল হিসেবে ব্যবহার করে তা থেকেই একথা স্পষ্ট যে, শান্তি স্থাপন করার অনুমতি রয়েছে শুধুমাত্র প্রয়োজনের সময়। কিন্তু শান্তি স্থাপন করা আবশ্যক কোন বিষয় নয় অর্থাৎ সবসময় তাদের সাথে শান্তি স্থাপন করতে হবে এমন কোন ইঙ্গিত এই আয়াতে নেই। আমার বক্তব্য হলোঃ কেউ যেন এমন ব্যাখ্যা না নেন যে, ইসলাম কখনও শান্তির দিকে ডাকে না। ইসলাম শান্তির দিকে ডাকে- তবে একটি বিশেষ দৃষ্টিভঙ্গি থেকে। এটি সকল সৃষ্ট জীবের জন্য শান্তি চায়।

আল্লাহ্ বলেনঃ

وَمَا أَرْسَلْنَاكَ إِلا رَحْمَةً لِلْعَالَمِينَ

---

[153] সূরা আত-তাওবাহ ৯:২৯

[154] সূরা মুজাদালাহ ৫৮:২০

[155] ফাতহুল বারী

“আমি তো তোমাকে বিশ্বজগতের (‘আলামীন) জন্য কেবল রহমতরূপেই প্রেরণ করেছি।” [156]

তিনি বলেনঃ

اللَّهُ وَلِيُّ الَّذِينَ آَمَنُوا يُخْرِجُهُمْ مِنَ الظُّلُمَاتِ إِلَى النُّورِ

“যারা ঈমান আনে আল্লাহ্ তাদের অভিভাবক, তিনি তাদেরকে অন্ধকার থেকে আলোতে বের করে আনেন।” [157]

তিনি বলেনঃ

إِنَّ اللَّهَ يَأْمُرُ بِالْعَدْلِ وَالْإِحْسَانِ وَإِيتَاءِ ذِي الْقُرْبَى وَيَنْهَى عَنِ الْفَحْشَاءِ وَالْمُنْكَرِ وَالْبَغْيِ

“আল্লাহ্ ন্যায়পরায়ণতা, সদাচরণ ও আত্মীয় স্বজনকে দানের নির্দেশ দেন এবং তিনি নিষেধ করেন অশ্লীলতা, অসৎকার্য ও সীমালঙ্ঘন....।” [158]

আর ইসলামের দৃষ্টিকোণ থেকে এটাই শান্তি সৃষ্টির প্রতি রহম করা এবং তাদেরকে অন্ধকার থেকে বের করে আলোতে প্রবেশ করিয়ে উত্তম আমল করার উৎসাহ দান।

আল্লাহ্ বলেনঃ

وَلا نُشْرِكَ بِهِ شَيْئًا وَلا يَتَّخِذَ بَعْضُنَا بَعْضًا أَرْبَابًا مِنْ دُونِ اللَّهِ

“....যেন আমরা আল্লাহ্ ব্যতীত কারও ইবাদত না করি।” [159]

সেই সাথে বিশৃঙ্খলা নিষেধ করা। যতক্ষণ না এসব হবে ততক্ষণ জিহাদ চালাতে হবে।

حَتَّى لا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّهُ لِلَّهِ

“....যতক্ষণ না ফিৎনা দূরীভূত হয় এবং আল্লাহর দ্বীন সামগ্রিকভাবে প্রতিষ্ঠিত হয়।” [160]

---

[156] সূরা আম্বিয়া ২১:১০৭

[157] সূরা বাকারা ২:২৫৭

[158] সূরা নাহল ১৬:৯০

[159] সূরা আলি ‘ইমরান ৩:৬৪

[160] সূরা আনফাল ৮:৩৯

একাদশ অধ্যায়ঃ হিজরত বন্ধ হবে না যতদিন না সূর্য পশ্চিম দিক থেকে উদিত হয়

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেনঃ "আর আমি তোমাদের পাঁচটি জিনিসের আদেশ দিচ্ছি, যা আল্লাহ্ আমাকে আদেশ করেছেনঃ আল-জামা'আ (ঐক্য), শোনা, মানা, হিজরত এবং আল্লাহর রাস্তায় জিহাদ করা।" [161] এবং তিনি আরো বলেন, "হিজরত বন্ধ হবে না যতদিন না তওবা বন্ধ হয়। আর তওবা বন্ধ হবে না যতদিন না সূর্য তাঁর অস্ত যাওয়ার দিক দিয়ে উদিত হয়।" [162]

বেশ কয়েকটি কারণে হিজরত ওয়াজিব হয়, তন্মধ্যেঃ

১. দ্বীন রক্ষা করে মুশরিকদের থেকে নিরাপদে প্রস্থান করা যখন দ্বীনের ওপর ফিতনার আশংকা থাকে। আর এটাই হল 'দারুল কুফর' থেকে 'দারুল ইসলাম' অথবা 'দারুল আমান'-এ হিজরত করা, যার পক্ষে সম্ভবপর।

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "সেইসব মুসলিমদের কারো সাথে আমার সম্পর্ক নেই যারা মুশরিকদের ভেতরে অবস্থান করে।" [163]

আতা ইবনে আবি বারাহ (রহিমাহুল্লাহ) থেকে বুখারী (রহিমাহুল্লাহ) বর্ণনা করেনঃ আমি উবাইদ ইবনে উমাইর আল লাইছিকে সাথে নিয়ে আয়েশা (রদিয়াল্লাহু আনহু)-এর সাথে দেখা করি। এরপর আমরা তাদের হিজরতের ব্যাপারে জিজ্ঞাসা করি। তখন তিনি বললেনঃ "আজ আর হিজরত নেই, - মু'মিনগণের ভেতরে যে ব্যক্তির দ্বীনের উপর ফিৎনা আসবে সে যেখানে খুশী আল্লাহর ইবাদত করতে পারে; তবে জিহাদ এবং এর নিয়্যত ব্যতীত ।"

আমার বক্তব্য হলোঃ এখানে সায়্যিদা আয়েশা (রদিয়াল্লাহু আনহু) যে হিজরতের কথা বলেছেন তা হলো 'দারুল ইসলাম' থেকে হিজরত। কারণ তিনি বলেছেন, "আজ আর হিজরত নেই।" যখন তিনি 'দারুল ইসলামে' ছিলেন। এরপর তিনি হিজরতের কারণ ব্যাখ্যা করে বলেছেন, তা হলো ফিৎনা থেকে দ্বীনকে রক্ষা করার জন্য পলায়ন করা।

২. হিজরত আল্লাহর পথে জিহাদের সূচনা স্বরূপ।

হারিছ আল আশআরী (রদিয়াল্লাহু আনহু)-এর হাদীস - রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "আমি তোমাদেরকে পাঁচটি বিষয়ের নির্দেশ দিচ্ছি। যা আল্লাহ্ আমাকে আদেশ করেছেনঃ আল জামা'আ, শোনা, মানা, হিজরত এবং আল্লাহর রাস্তায় জিহাদ করা।[164]

আল্লাহ্ তা'আলা বলেনঃ

---

[161] আহমদ, হারিছ আল আশআরী রদিয়াল্লাহু আনহু

[162] আবু দাউদ (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত

[163] আবু দাউদ, তিরমিযী

[164] আহমাদ

ثُمَّ إِنَّ رَبَّكَ لِلَّذِينَ هَاجَرُوا مِنْ بَعْدِ مَا فُتِنُوا ثُمَّ جَاهَدُوا وَصَبَرُوا إِنَّ رَبَّكَ مِنْ بَعْدِهَا لَغَفُورٌ رَحِيمٌ

"যারা নির্যাতিত হবার পর হিজরত করে, পরে জিহাদ করে এবং ধৈর্য্যধারণ করে; তোমার রব এই সবের পরে, তাদের প্রতি অবশ্যই ক্ষমাশীল ও পরম দয়ালু।" [165]

সুতরাং হিজরতই সর্বশেষ স্তর নয়। বরং এটি জিহাদের একটি সূচনা স্বরূপ। আর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "হিজরত বন্ধ হবে না যতদিন পর্যন্ত শত্রুদের সাথে যুদ্ধ চলবে।" [166]

এই গ্রন্থের শুরুতেই আমি আলোচনা করেছি যে, ঈসা ইবনে মারিয়াম (আঃ) এসে দাজ্জালের সাথে যুদ্ধ করার পূর্ব পর্যন্ত জিহাদ বলবৎ থাকবে। আর এ ব্যাপারে স্পষ্ট প্রমাণ আছে যে এটাই হবে আল্লাহর রাস্তায় সর্বশেষ জিহাদ। এই হিজরত হবে জিহাদের সূচনা স্বরূপ যা অন্য কোন দেশের জিহাদরত মুসলিম মুজাহিদীনদের সহায়তা করতে পারে অথবা মুসলিমদের জিহাদে প্রস্তুতি নেয়ার নিয়্যতে এবং লোক সমাগমের উদ্দেশ্যে যেন মুসলিমরা তাদের দেশে ফিরতে পারে জিহাদের জন্য তৈরী হয়ে। অন্য এলাকায় হিজরতের হুকুম নিয়ে আলোচনা করতে গিয়ে ইবনে কুদামাহ (রহিমাহুল্লাহ) "হিজরত সংক্রান্ত অধ্যায়ে বলেনঃ আর এটি হলো 'দারুল কুফর' ত্যাগ করে 'দারুল ইসলামে' আসা"- আল্লাহ্ বলেছেনঃ

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلَائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا

"নিশ্চয়ই যারা নিজেদের জীবনের প্রতি যুলুম করেছিল, ফেরেশতাগণ তাদের প্রাণ হরণ করতে গিয়ে বলবেঃ তোমরা কি অবস্থায় ছিলে? তারা বলবে, আমরা দুনিয়ায় অসহায় ছিলাম। তারা বলবেঃ আল্লাহর দুনিয়া কি প্রশস্ত ছিল না যে, তোমরা তন্মধ্যে হিজরত করতে? অতএব তাদেরই বাসস্থান জাহান্নাম এবং ওটা কত নিকৃষ্ট গন্তব্যস্থান।" [167]

রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন যে, "সেইসব মুসলিমদের কারো সাথে আমার সম্পর্ক নেই যারা মুশরিকদের ভেতরে অবস্থান করে।"[168] আর এগুলো ছাড়াও আরো যেসব আয়াত ও হাদীস রয়েছে তা অনেক। এটি বন্ধ হবে না। কিছু লোক বলে যে, হিজরত আর নেই কারণ নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "ফাতহে মক্কার (মক্কা বিজয়ের) পর আর হিজরত নেই।" এবং তিনি বলেনঃ "জিহাদ ও নিয়্যত ছাড়া অন্য সকল হিজরত বন্ধ হয়ে গেছে। বর্ণিত আছে যে, যখন মারওয়ান ইবনে উমাইয়্যাহ (রদিয়াল্লাহু আনহু) ইসলাম কবুল

---

[165] সূরা নাহল ১৬:১১০

[166] আহমাদ, আব্দুল্লাহ ইবনে সাদী (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত

[167] সূরা নিসা ৪:৯৭

[168] আবু দাউদ, তিরমিযী

করেন, তাকে বলা হয়েছিল, তার জন্য কোন দ্বীন নেই যে হিজরত করে না। সুতরাং তিনি মদীনায় চলে যান। তখন রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন,"কিসে তোমাকে এখানে আনলো, হে আবু ওহাব।' সে বলল, "একথা বলা হয়েছে যে তার জন্য কোন দ্বীন নেই যে হিজরত করে না।" তিনি বললেন, "ফিরে যাও আবু ওহাব, মক্কার বিস্তৃত উপত্যকায়, এবং তোমার গৃহেই থাকো, কারণ হিজরত তো শেষ হয়ে গেছে শুধুমাত্র জিহাদ ও নিয়্যত ছাড়া।" এই পুরোটাই সাঈদ থেকে বর্ণিত। আর মুআবিয়া (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত হাদীসে আছেঃ আমি আল্লাহর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-কে বলতে শুনেছি, "হিজরত বন্ধ হবে না যতক্ষণ না সূর্য তার অস্ত যাওয়ার দিক থেকে উদিত হয়"- আবু দাউদের বর্ণিত। আরো বর্ণিত আছে যে, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন,

"হিজরত বন্ধ হবে না যতদিন জিহাদ থাকবে।" [169]। আর এসকল আয়াত ও হাদীসের সার্বজনীনতা থেকে বোঝা যায় যে, হিজরতের কারণ সমূহের মতো, সকল সময়েই হিজরত আবশ্যক। পূর্বের হাদিসটি যেখানে তিনি মক্কা বিজয়ের পরে হিজরত না থাকার কথা বলেছেন যে, বিজিত দেশ থেকে হিজরত নেই। আর সাফওয়ান ইবনে উমাইয়্যাকে তিনি যে হিজরত শেষ হওয়ার কথা বলেছেন, তা হলো মক্কা থেকে হিজরত, কারণ (সাধারণভাবে) হিজরত হলো কাফিরদের দেশ থেকে বাহির হওয়া। সুতরাং এটি যদি (ইসলাম দ্বারা) বিজিত হয়, তাহলে তা আর কাফিরদের দেশ থাকে না, সুতরাং এটি থেকে হিজরত করার কোন প্রয়োজন নেই। আর একইভাবে প্রত্যেকটি দেশ যেটি দখল করা হয়েছে, তা থেকে আর কোন হিজরত নেই, বরং তার দিকেই হিজরত করতে হয়। এটাই যদি সত্য হয় তবে মুহাজির তিন প্রকারেরঃ

প্রথমতঃ যার ওপর হিজরত ওয়াজিব এবং সে এ ব্যাপারে সক্ষম। যখন সে তার দ্বীন প্রকাশ করতে পারে না, বা যখন সে দ্বীনের হুকুম মানতে পারে না অথবা যখন সে কাফিরদের মধ্যে অবস্থান করে। সুতরাং এই ব্যক্তির ওপর হিজরত ওয়াজিব। কারণ আল্লাহ্ তা'আলা বলেনঃ

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الْأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءَتْ مَصِيرًا

"নিশ্চয়ই যারা নিজেদের জীবনের প্রতি যুলুম করেছিল, ফেরেশতাগণ তাদের প্রাণ হরণ করতে গিয়ে বলবেঃ তোমরা কি অবস্থায় ছিলে? তারা বলবে, আমরা দুনিয়ায় অসহায় ছিলাম। তারা বলবেঃ আল্লাহর দুনিয়া কি প্রশস্ত ছিল না যে, তোমরা তন্মধ্যে হিজরত করতে? অতএব তাদেরই বাসস্থান জাহান্নাম এবং ওটা কত নিকৃষ্ট গন্তব্যস্থান।" [170]

---

[169] সাঈদ অন্যান্যদের থেকে বর্ণিত

[170] সূরা নিসা ৪:৯৭

আর এটা সত্যিই একটি ভয়াবহ হুমকি, যা হিজরত এর আবশ্যকতা তুলে ধরে। এটা এই কারণেই যে প্রতিটি সক্ষম ব্যক্তির জন্য 'দারুল কুফর' থেকে হিজরত করা অবশ্যকরণীয়। আর হিজরত হলো এসব আবশ্যক প্রয়োজনসমূহের একটি, যা এগুলোকে পরিপূর্ণতা দেয়, এবং যা ছাড়া হুকুমসমূহ পালন করা সম্ভব নয়; সুতরাং এ বিষয়টিও ওয়াজিব।

দ্বিতীয়তঃ যার ওপর হিজরত ওয়াজিব নয়। যে হিজরত করতে সক্ষম নয়- অসুস্থতার কারণে, অথবা সেখানে থাকতে বাধ্য হলে অথবা তার স্ত্রী সন্তানদের বা অনুরূপের (শারীরিক) দুর্বলতার কারণে। আল্লাহর আয়াতঃ

إِلا الْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ لا يَسْتَطِيعُونَ حِيلَةً وَلا يَهْتَدُونَ سَبِيلًا

فَأُولَئِكَ عَسَى اللَّهُ أَنْ يَعْفُوَ عَنْهُمْ وَكَانَ اللَّهُ عَفُوًّا غَفُورًا

"কিন্তু পুরুষ নারী ও শিশুদের মধ্যে অসহায়গণ ব্যতীত। যারা কোন উপায় করতে পারে না বা কোন পথ প্রাপ্ত হয় না। ফলতঃ তাদেরই আশা আছে যে, আল্লাহ্ তাদেরকে ক্ষমা করবেন এবং আল্লাহ্ মার্জনাকারী, ক্ষমাশীল।" [171]

আর এক্ষেত্রে হিজরতকে উত্তম বা সুপারিশমূলকও বলা যাবে না কারণ, এটি সম্ভব নয়।

এবং তৃতীয়তঃ সেই ব্যক্তি যার জন্য এটি প্রশংসনীয় কিন্তু ওয়াজিব নয়। ইনি হচ্ছেন সেই ব্যক্তি যিনি হিজরত করতে সক্ষম আবার প্রকাশ্যে তার দ্বীন পালনেও সক্ষম। সুতরাং দারুল কুফরে তার বসবাসে ইতি টানা প্রশংসনীয় হবে যাতে সে তাদের বিরুদ্ধে জিহাদ করতে সক্ষম হয় এবং মুসলিমদের সংখ্যা বাড়াতে পারে এবং তাদের সাহায্য করতে পারে। সেই সাথে কাফিরদের সংখ্যা বৃদ্ধিতে বাধা সৃষ্টি করতে পারে এবং তাদের কুকর্মের সাক্ষী হওয়া থেকেও রেহাই পায়। কিন্তু এটি তার ওয়াজিব নয় কারণ সে হিজরত না করেই সেখানে দ্বীন প্রতিষ্ঠার কাজ করতে সক্ষম। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)-এর চাচা আল আব্বাস (রদিয়াল্লাহু আনহু) তার ইসলামে থাকাকালীন মক্কায় অবস্থান করেছেন। নু'আইম আন নুহাম যখন হিজরত করতে চান তখন তার কওম বনু আদি তার কাছে এসে বলে, আমাদের সাথে থাকুন, আপনি আপনার দ্বীনের ওপর থাকবেন এবং তাদের থেকে আপনাকে রক্ষা করবো যারা আপনার দ্বীনের ওপর থাকবে না এবং তাদের থেকে আপনাকে রক্ষা করব যারা আপনার ক্ষতি করতে চায়। আমাদের জন্য দায়িত্বশীল থাকুন যেভাবে আপনি (বর্তমানে) আমাদের প্রতি দায়িত্বশীল আছেন।' আর তিনি বনু আদির ইয়াতিম ও বিধবাদের দেখাশোনা করতেন। সুতরাং তিনি কিছুদিন হিজরত থেকে বিরত থেকে পরবর্তী সময়ে হিজরত করেন। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তাকে বলেনঃ "তোমার কওম তোমার প্রতি তার চেয়ে উত্তম যেমনটি ছিল আমার কওম আমার প্রতি। আমার কওম আমাকে বহিষ্কার করে এবং আমাকে হত্যা করতে চায় এবং তোমার কওম তোমাকে রক্ষা করে এবং (ক্ষতি থেকে) বাচায়। তখন তিনি বললেন, 'ইয়া রাসূলুল্লাহ', আপনার কওম তো আপনাকে আল্লাহর আনুগত্য ও তার শত্রুদের বিরুদ্ধে

[171] সূরা নিসা ৪:৯৮—৯৯

জিহাদের দিকে বহিষ্কার করেছে। আর আমার কওম আমাকে হিজরত ও আল্লাহর আনুগত্য থেকে আটকে রেখেছে। অথবা এর কাছাকাছি কোন বক্তব্য।" [172]

[172] আল মুগনি ওয়াশ শারহ্ আল কাবীর

অধ্যায়ঃ ১২ - এবং মুসলিমরা হলো একই জাতি এবং এক মুসলিম অপর মুসলিমের ভাই। এমনকি তারা যদি অনেক দূরেও থাকে, তাহলেও তারা অন্যদের কাছ থেকে সাহায্যের দাবীদার

আল্লাহ্ সুবহানাহু ওয়া তাআলা বলেছেনঃ

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ فَأَصْلِحُوا بَيْنَ أَخَوَيْكُمْ وَاتَّقُوا اللَّهَ لَعَلَّكُمْ تُرْحَمُونَ

"ঈমানদারগণ পরস্পর ভাই ভাই; সুতরাং তোমরা ভ্রাতৃগণের মধ্যে শান্তি স্থাপন কর। এবং আল্লাহকে ভয় কর, যাতে তোমরা অনুগ্রহ প্রাপ্ত হও।" [173]

এবং রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "মুসলিম মুসলিমের ভাই।"[174] এবং তিনি আরো বলেছেনঃ "মুমিনরা একটি দেহের মতো। যদি তার মাথা ব্যথা হয় তাহলে তার বাকি শরীরও জ্বরাক্রান্ত হয় ও ঘুমাতে পারে না।"[175]

এক মুসলিম থেকে অন্য মুসলিমের মধ্যে একমাত্র তাকওয়া ও সৎ আমল ছাড়া আর কোন পার্থক্য নেই। আল্লাহ্ সুবহানাহু ওয়া তাআলা বলেছেনঃ

إِنَّ أَكْرَمَكُمْ عِنْدَ اللَّهِ أَتْقَاكُمْ

"... তোমাদের মধ্যে সেই ব্যক্তিই আল্লাহর নিকট অধিক সম্মানী, যে অধিক মুত্তাক্বী (তাক্বওয়াশীল)"[176]

এবং রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "একজন আরব একজন অনারবের চেয়ে মর্যাদাপূর্ণ নয় বা একজন অনারব একজন আরবের চেয়ে মর্যাদাপূর্ণ নয়, সাদার চেয়ে কালো অথবা কালোর চেয়ে সাদা বেশি সম্মানিত নয়, কেবলমাত্র তাকওয়া ছাড়া। সব মানুষই আদম থেকে এবং আদম মাটি থেকে।" [177]

সুতরাং এর থেকে এটাই বোঝা যায় যে, জিহাদের উদ্দেশ্য হলো দ্বীনকে প্রতিষ্ঠিত করা এবং কাফিরদের ক্ষতিগ্রস্ত করা। এবং জিহাদের আরো একটি একটি উদ্দেশ্য হলো মুসলিমদের শক্তি সংরক্ষণ করা এবং কোন সামরিক সুবিধা ছাড়াই মুসলিমদের ধ্বংসের মুখে ঠেলে দেয়া নয়। আর একারণেই দুই এর অধিক কাফিরের মোকাবিলায় একজন মুসলিমের পিছু হঠা বা পালানোর অনুমতি আছে। ইবনে আব্বাস রদিআল্লাহু আনহু বলেন, “যে কেউ দুইজন (কাফির) থেকে পালালো সে পালিয়েছে, আর যে কেউ তিনজন থেকে পালালো সে পালায়নি।” [348] এবং উমারের পক্ষ থেকে সাদকে (রদিআল্লাহু আনহুম) যে চিঠি দেয়া হয়েছে তাতে রয়েছেঃ “যদি তুমি কোথাও পরাজয় কিংবা কোন ক্ষতির আশংকা কর, তাহলে সেখানে কোন স্কাউট (শত্রুদের অবস্থান দেখার জন্য যাদের আগে পাঠানো হয়) বা সেনাবাহিনী পাঠাবে না।” এসব উদাহরণ থেকে বোঝা যায় যে, মুসলিমদের সামর্থ্য সংরক্ষণ করা জিহাদের একটি গুরুত্বপূর্ণ উদ্দেশ্য। এর সবচেয়ে উত্তম উদাহরণ হলো যখন খালিদ বিন ওয়ালিদ রদিআল্লাহু আনহু মুতার যুদ্ধে তার বাহিনীর সাথে যোগ দেয়ার জন্য পশ্চাদপসরণ করেন; রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) তার এই পদক্ষেপকে ‘ফাৎহ (বিজয়)’ বলেছেন। এই ঘটনার বর্ণনা পাওয়া যায় আনাস বিন মালিক থেকে বর্ণিত বুখারীর হাদীস থেকেঃ “মূতার যুদ্ধের খবর এসে পৌঁছাবার আগেই নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) উপস্থিত মুসলমানদেরকে যায়িদ, জাফর ও ইবনে রাওয়াহার (রদিআল্লাহু আনহুম)- এর শাহাদাতের কথা জানিয়ে দিয়েছিলেন। তিনি বলেছিলেন, ‘যায়িদ পতাকা হাতে অগ্রসর হলে তাকে শহীদ করা হয়। তখন জাফর পতাকা হাতে অগ্রসর হলো, তাকেও শহীদ করে ফেলা হয়। তারপর ইবনে রাওয়াহা পতাকা হাতে নিল। এবার তাকেও শহীদ করে দেয়া হলো।’ এসময় তার দু’চোখ থেকে অশ্রুধারা প্রবাহিত হচ্ছিল। (তারপর তিনি বললেন), ‘অবশেষে সাইফুল্লাহদের মধ্য থেকে এক সাইফুল্লাহ (আল্লাহর তরবারী) হাতে পতাকা ধারণ করেছে। ফলত আল্লাহ্ তাদের উপর আমাদের বিজয় (ফাতাহাল্লাহু আলাইহিম) দান করেছেন।’”[349] ইবনে হাজার রহিমাহুল্লাহ বলেছেন, “আহলুন নাকল (যারা দলীলের ভিত্তিতে কথা বলেন) তাঁর [রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)] এই বক্তব্যের অর্থের ব্যাপারে ভিন্নমত পোষণ করেছেনঃ ‘...তারপর আল্লাহ্ তাদের উপর আমাদের বিজয় (ফাতাহাল্লাহু আলাইহিম) দান করেছেন।” - এরপর তিনি (ইবনে হাযার) বলেন, “আল ইমাদ ইবনে কাসীর বলেন, “এটার ব্যাখ্যা এভাবে করা যায় যে, যখন খালিদ বিন ওয়ালিদ মুসলিমদের নিয়ে পিছু হটলেন এবং রাত্রি অতিবাহিত করলেন এবং সকালে উঠে দেখলেন বাহিনীর পূর্বের অবস্থানের পরিবর্তন ঘটেছে, এবং শত্রুরা মনে করল যে নতুন বাহিনী এসে যোগ দিয়েছে। সুতরাং খালিদ যখন সেই মুহূর্তে তাদের আক্রমণ করলেন, তারা পিছু হটলো কিন্তু তিনি তাদের তাড়া করলেন না কারণ তিনি বুঝতে পারলেন যে মুসলিমদের সাথে নিয়ে ফিরতে

---

[347] সূরা আনফাল ৮:১৬

[348] আল বায়হাকী

[349] সহীহ বুখারী

পারাটাই যুদ্ধের সবচেয়ে বড় গনীমত।" আমার (লেখক) বক্তব্য হলোঃ এই ঘটনা থেকেই প্রমাণিত হয় যে মুসলিমদের এবং ইসলামের শক্তি সংরক্ষণ করা একটি গুরুত্বপূর্ণ লক্ষ্য। এবং কাফিরদের আঘাত করে কোন সামরিক সুবিধা আদায়ের সম্ভাবনা থাকলে মুসলিমদের ধ্বংসের ঝুঁকি নেয়া উচিৎ নয়; তবে মনে রাখতে হবে যে, এক্ষেত্রে কিছু ব্যতিক্রমও রয়েছে। যেমন, শাহাদাতের জন্য একজন ব্যক্তির ঝুঁকি নেয়াকে- নিজেকে ধ্বংসের মুখে ফেলার শামিল গণ্য করা হবে না, যে ব্যাপারে আবু আইয়ুব এবং আল বারা রদিআল্লাহু আনহুম দু'টি হাদীস বর্ণনা করেছেন। হাদীস দু'টি আল্লাহর ঐ আয়াতের তাফসীরে এসেছে যেখানে তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَأَنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ

".. এবং নিজেদের হাতে নিজেদেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ কর না।" [350]

যদিও এটা ব্যক্তিগত পর্যায়ে জায়েজ কিন্তু সম্পূর্ণ বাহিনীর জন্য এটা কখনো জায়েজ নয়, উপরোক্ত দলীলসমূহ দ্বারা এটাই প্রমাণিত হয়। তবে এক্ষেত্রে একটি ব্যতিক্রম হলো তখন - যখন শত্রুর মুখোমুখি থাকলেও মৃত্যু নিশ্চিত আবার পিছু হটলেও মৃত্যু নিশ্চিত। এমন অবস্থায় নিজেদের অবস্থানে থাকাই উত্তম।

ব্যবহারিক দৃষ্টিকোণ থেকে আমি বলব, একজন মুসলিমের দায়িত্ব হলো যুদ্ধের ডাক আসলে তার আসন্ন মৃত্যু ও যুদ্ধের ফলাফলের কথা চিন্তা না করে এগিয়ে যাওয়া। এক্ষেত্রে চারটি শর্ত রয়েছে। শর্তগুলো হলোঃ

প্রথম শর্তঃ ইসলামী শারীয়াহ এর অনুসরণ

আর এটা সম্ভব হবে জিহাদ সংক্রান্ত হুকুম আহকামের জ্ঞানার্জনের মাধ্যমে। দেখতে হবে যে এটা ফারদ কিনা এবং ইসলামী শরীয়াহর অনুসরণ হচ্ছে কিনা? মূলত এর মানে হচ্ছে শত্রুকে চিহ্নিত করা এবং এ ব্যাপারে আল্লাহ্ তা'আলার কি হুকুম রয়েছে তা জেনে নেয়া। এই জ্ঞান অর্জন করা প্রত্যেক মুসলিমের জন্য অত্যন্ত জরুরী।

দ্বিতীয় শর্তঃ জিহাদের পতাকা

শুধুমাত্র এমন কাফির শত্রু পেলেই হবে না যার বিরুদ্ধে যুদ্ধ করতে হবে; সঙ্গে সঙ্গে আপনাকে এ ব্যাপারেও নিশ্চিত হতে হবে যে, আপনি যে বাহিনীর সাথে জিহাদে অংশ নিচ্ছেন তাদের ব্যানার (পতাকা) কি এবং তাদের পরিচয় কি? এটা কি ইসলামের পতাকা নাকি অন্য কিছু? এক্ষেত্রে ইসলাম বলতে সত্যিকারের ইসলাম, সেই ইসলাম নয় যেটাকে সমাজতন্ত্র ও গণতন্ত্রর মতো নানান কুফরী মতবাদের সাথে মিশিয়ে খিঁচুড়ি করা হয়েছে? ঐ পতাকার তলে যদি কেউ ইসলামী সমাজ তন্ত্র বা ইসলামী গণতন্ত্র প্রতিষ্ঠার জন্য জিহাদ করে; তাহলে পুরোটাই কুফর বলে গণ্য হবে, কারণ ইসলাম একটি পূর্ণাঙ্গ জীবন ব্যবস্থা। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেন,

حُرِّمَتْ عَلَيْكُمُ الْمَيْتَةُ وَالدَّمُ وَلَحْمُ الْخِنْزِيرِ وَمَا أُهِلَّ لِغَيْرِ اللَّهِ بِهِ وَالْمُنْخَنِقَةُ وَالْمَوْقُوذَةُ وَالْمُتَرَدِّيَةُ وَالنَّطِيحَةُ وَمَا أَكَلَ السَّبُعُ إِلا مَا ذَكَّيْتُمْ وَمَا ذُبِحَ عَلَى

[350] সূরা বাকারা ২:১৯৫

النُّصُبِ وَأَنْ تَسْتَقْسِمُوا بِالْأَزْلامِ ذَلِكُمْ فِسْقٌ الْيَوْمَ يَئِسَ الَّذِينَ كَفَرُوا مِنْ دِينِكُمْ فَلا تَخْشَوْهُمْ وَاخْشَوْنِ الْيَوْمَ أَكْمَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَمْتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ الْإِسْلامَ دِينًا فَمَنِ اضْطُرَّ فِي مَخْمَصَةٍ غَيْرَ مُتَجَانِفٍ لِإِثْمٍ فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ

"আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণাঙ্গ করলাম।" [351]

সুতরাং ইসলামের সাথে এসব মানব রচিত মতবাদ মেশানোর কোন প্রয়োজন নেই। কেউ যদি এটা করতে চায় তার মানে হলো, সে তার কথায় ও কাজে প্রমাণ করতে চাইছে যে, ইসলাম অপূর্ণ রয়ে গেছে এবং এসব মানব রচিত মতবাদ দ্বারা একে পূর্ণতা দিতে হবে। "কিতাব ও সুন্নাহ আঁকড়ে ধরার মূলনীতি" অধ্যায়ের আলোচনায় ইতিমধ্যে বলা হয়ে গেছে যে, এ সবই কুফর। আল্লাহ্ তা'আলার এই আয়াতটি অস্বীকার করেই তারা কুফরীতে প্রবেশ করে, "আজ আমি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পূর্ণাঙ্গ করলাম।" সুতরাং এসব পতাকার তলে যুদ্ধ করার অর্থ হলো কুফরের পতাকার তলে যুদ্ধ করা। যে ব্যক্তি এমন পতাকার তলে অবস্থান নেবে সে আল্লাহর রাস্তায় নেই। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "যে ব্যক্তি আল্লাহর কালেমাকে বুলন্দ করার উদ্দেশ্যে যুদ্ধ করে একমাত্র তার যুদ্ধই আল্লাহর পথে জিহাদ হিসেবে গণ্য।" [352]

তৃতীয় শর্তঃ সামরিক ফায়দা

অর্থাৎ কোন যুদ্ধের সামরিক ফায়দার কথা চিন্তা না করে তাতে অংশগ্রহণ করা উচিৎ নয়। কারণ জিহাদের মূল উদ্দেশ্য হলো দ্বীনকে প্রতিষ্ঠিত করা। জিহাদের মাধ্যমে কিছু সামরিক ফায়দা হাসিল করতে হবে, সেটা সামান্য হতে পারে যা একটি ছোট বাহিনীর মাধ্যমেই অর্জন করা সম্ভব। আবার শত্রুকে ভয় দেখানোর তো রাজনৈতিক ফায়দাও জিহাদকে পরিচালিত করতে পারে। তবে ফায়দা যেমনই হোক না কেন এটি পর্যালোচনা করার দায়িত্ব থাকবে আমীরের উপর; সকল সৈনিকদের উপর এই দায়িত্ব নয়। "শুরা (পারস্পরিক আলোচনা বা পরামর্শ)" এবং "জামাআহ (ঐক্য)" সংক্রান্ত আলোচনায় এ বিষয়ে আলোচনা করা হয়েছে। আমীর কিভাবে গবেষণা ও পর্যালোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবে সে ব্যাপারেও পরবর্তীতে আলোচনা করা হবে, ইনশাআল্লাহ্। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "ঈমাম তো একটি ঢাল। তার পেছনে থেকে যুদ্ধ করা হয়, তার কাছ থেকে নিরাপত্তা আশা করা হয়।" [353] আর ইবনে কুদামাহ রহিমাহুল্লাহ বলেন, "আর জিহাদের বিষয়টি ইমাম ও তাঁর ইজতিহাদের (পর্যালোচনাভিত্তিক সিদ্ধান্ত) উপর ন্যস্ত। তাঁর বাহিনীর দায়িত্ব হলো সে এই বিষয়টিকে যে দৃষ্টিতে দেখছে সেভাবেই তাকে মেনে চলা। [354]

চতুর্থ শর্তঃ নিরাপত্তা ও সাবধানতামূলক প্রস্তুতি গ্রহণ করা

---

[351] সূরা আল মায়িদা ৫:৩

[352] বুখারী ও মুসলিম

[353] সহীহ মুসলিম

[354] আল মুগনী আশ শারহ আল কাবির খন্ড ১০/৩৭৩

এটা হতে পারে সৈন্যদলের পাহারার ব্যবস্থা করার মাধ্যমে; কিংবা শত্রুকে ধোঁকা দেয়া, অথবা ব্যক্তিগত নিরাপত্তার ব্যবস্থা নেয়া। যেমন, বর্ম পরিধান করা, শিরস্ত্রাণ পরিধান করা অথবা পরিখা খনন করা, ইত্যাদি। রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বর্ম ও শিরস্ত্রাণ পরেছেন, 'মিগফার' করেছেন এবং তিনি নিজেকে নিয়োজিত করেছেন পরিখা খননের মতো কাজে। অথচ তিনি ছিলেন এমন একজন মানুষ যাকে আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) নিজে অন্য মানুষের ক্ষতি থেকে রক্ষা করার কথা বলেছেন ।

يَا أَيُّهَا الرَّسُولُ بَلِّغْ مَا أُنْزِلَ إِلَيْكَ مِنْ رَبِّكَ وَإِنْ لَمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهُ وَاللَّهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ إِنَّ اللَّهَ لا يَهْدِي الْقَوْمَ الْكَافِرِينَ

"আল্লাহ্ আপনাকে মানুষের ক্ষতি থেকে বাঁচাবেন।" [355]

তিনি এটা করেছেন আমাদেরকে এই হুকুমের ব্যাপারে শিক্ষা দিতে। আর মৃত্যু ও আঘাত যদি আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা)র ক্বদর হয়, তাহলে সাবধানতা অবলম্বনের দ্বারা এর থেকে নিজেকে রক্ষা করাই হলো আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা)র হুকুম; আত্মসমর্পণ করা বা আহত হওয়া বা মৃত্যুবরণ করা নয়। যদি ব্যাপারটা সেরকমই হতো তাহলে তো অনেকেই কাফিরদের কাছে আত্মসমর্পণ করে বসে থাকতো এই ভেবে যে এটাই তো আল্লাহ্ তা'আলার ক্বদর। সুতরাং আমাদের দায়িত্ব হলো এর থেকে নিজেদের রক্ষা করা। "ক্বদর দ্বারা ক্বদর প্রতিহত করা"- সংক্রান্ত আলোচনায় ইবনুল কাইয়্যিম বলেছেন, "আর জ্ঞানসম্পন্ন আমির শেখ আব্দুল কাদির আল জিলানী বলেন, 'মানুষ যদি ক্বদর ও সিদ্ধান্তের মুখে পড়ে তারা থমকে দাঁড়ায়, তবে আমি নই, কারণ আমি এ ব্যাপারে একটি ছোট্ট জানালা খোলা রেখেছি, যাতে আমি আল হাক্কের ক্বদরকে আল হাক্কের সত্য দ্বারা প্রতিহত করি। (সত্যিকার) মানুষ সেই যে ক্বদরের মোকাবিলা করে (ক্বদর দ্বারা), ঐ ব্যক্তি নয় যে ক্বদরের কাছে আত্মসমর্পণ করে। আর একটি ক্বদর দ্বারা অন্য ক্বদরকে প্রতিহত না করলে বান্দার সুবিধাগুলো তাদের জীবদ্দশায় পূরণ হবে না। তাহলে এগুলোর বিনিময়ে কি হবে (আখিরাতে)?'

'আর আল্লাহ্ তা'আলা হুকুম করেছেন যাতে মন্দ জিনিষকে ভালো জিনিষ দ্বারা প্রতিহত করা, যারা (মন্দ ও ভালো) উভয়েই আল্লাহর ক্বদর। অনুরূপভাবে ক্ষুধা যেমন আল্লাহর ক্বদর, তিনি নির্দেশ দিয়েছেন খাদ্য গ্রহণ করে একে নিবারণ করার জন্য, সেটাও আল্লাহর ক্বদর। বান্দা যদি খাদ্যের ক্বদর দ্বারা ক্ষুধা নিবারণের সুযোগ থাকা সত্ত্বেও এই ক্ষুধার ক্বদরের কাছে আত্মসমর্পণ করে এবং এভাবে মৃত্যুর মুখে পড়ে, তাহলে সে অবাধ্যতার মাঝে মারা গেল। একইভাবে ঠাণ্ডা, গরম বা তৃষ্ণার ক্ষেত্রেও এটি প্রযোজ্য। কারণ এগুলো সবই আল্লাহর ক্বদর এবং আল্লাহ্ তা'আলা হুকুম করেছেন এগুলো তাঁরই অন্য ক্বদর (যা পূর্বের ক্বদরের বিপরীত) দ্বারা প্রতিহত করতে। এবং যা প্রতিহত করে, সেই সাথে যা প্রতিহত করা হয় আর যেভাবে প্রতিহত করা হয় তার সবই তাঁর ক্বদরের অন্তর্ভুক্ত।'

'এবং নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) এ ব্যাপারটি পরিষ্কার করে দিয়েছেন তার হাদীসে; যখন তারা জিজ্ঞাসা করেছিল, 'হে রাসূলুল্লাহ, আপনি কি মনে করেন, ঔষধ, যা আমরা প্রতিকার হিসেবে ব্যবহার করি, এবং

---

[355] সূরা আল মায়িদাহ ৫:৬৭

রুকিয়াহ[356] সমূহ, যা আমরা রুকিয়া করে থাকি, এবং রক্ষাকবচসমূহ, যার দ্বারা আমরা নিরাপত্তা চাই; এগুলো আল্লাহর কোন ক্বদরের বিরুদ্ধে যায়?' তিনি বললেন, 'এগুলো সবই আল্লাহর ক্বদর থেকে।'[357]

'অপর এক হাদীসে রয়েছে, "নিশ্চয় দু'আ এবং পরীক্ষাসমূহ দুনিয়া ও আসমানের মাঝে (একে অন্যের সাথে) যুদ্ধ করে।" [358]

আর যদি কাফিরদের মধ্য থেকে কোন শত্রু ইসলামী রাষ্ট্রের দিকে এগিয়ে আসে, তাহলে তারা আল্লাহর ইচ্ছাতেই এগিয়ে আসে। তবে কি অন্য ক্বদর দ্বারা এর মোকাবিলা না করে এই ক্বদরের নিকট আত্মসমর্পণ করা মুসলিমদের জন্য জায়েজ হবে- সেই ক্বদর হলো জিহাদ, যা দ্বারা তারা আল্লাহর ক্বদরকে মোকাবিলা করবে তাঁরই অপর একটি ক্বদর দ্বারা।" [359] এবং শায়খুল ইসলাম ইবনে তাইমিয়্যাহ রহিমাহুল্লাহও, শেখ আব্দুল কাদির আল জিলানীর বক্তব্যের ব্যাখ্যায় একই কথা বলেছেন[360]। আমার (লেখক) বক্তব্য হলোঃ ক্বদর দ্বারা ক্বদরের মোকাবিলা করা ইসলামের অন্তর্ভুক্ত, যা সাহাবাদের (রদিআল্লাহু আনহুম) সময় থেকে মুসলিমদের মাঝে প্রতিষ্ঠিত রয়েছে। উমার ইবনুল খাত্তাব, আবু উবাইদাকে (রদিআল্লাহু আনহুম) যে জবাব দিয়েছেন তাতেই এর প্রমাণ পাওয়া যায়। এটা তখনকার ঘটনা যখন উমার রদিআল্লাহু আনহু শামের দিকে দিকে আসলেন এবং জানতে পারলেন যে, সেখানে প্লেগের উপদ্রব হয়েছে। সুতরাং উমার মানুষের পরামর্শ নিলেন এবং ফেরার জন্য প্রস্তুত হলেন। তখন আব্দুর রহমান ইবনে আউফ তাকে জানালেন যে, এ ব্যাপারে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের হাদীস রয়েছে। হাদীসটি বুখারীতে পাওয়া যায় এবং এটি ইবনে আব্বাস কর্তৃক বর্ণিত, "উমার রদিআল্লাহু আনহু লোকদের মাঝে ঘোষণা দিলেন যে, আমি ভোরে সওয়ারীর পিঠে আরোহণ করবো (ফিরে যাওয়ার জন্য) এরপর ভোরে সকলে এভাবে প্রস্তুতি নিল। আবু উবাইদা রদিআল্লাহু আনহু বললেনঃ আপনি কি আল্লাহর নির্ধারিত তাকদ্বীর থেকে পলায়ন করার জন্য ফিরে যাচ্ছেন? উমার রদিআল্লাহু আনহু বললেনঃ হে আবু উবাইদা! যদি তুমি ছাড়া অন্য কেউ কথাটি বলতো!"[361]

আমার (লেখক) বক্তব্য হলোঃ ইসলামী শারীয়াহ এর অনুসরণ, জিহাদের পতাকা, সামরিক ফায়দা, নিরাপত্তা ও সাবধানতামূলক প্রস্তুতি গ্রহণ করা; এই চারটি বিষয় যদি আপনি গ্রহণ করেন এবং জিহাদে এগুলোর উপর আমল করে তাহলে এগিয়ে যান এবং আল্লাহ্ তা'আলার উপর ভরসা করুন। আর এটি করতে গিয়ে যেসব বাধা বিপত্তি ও সুযোগ সুবিধা আসবে সেগুলো নিয়ে মাথা ঘামিয়ে নিজেকে মানসিক চাপে ফেলবেন না, এ বিষয়গুলো আল্লাহর উপর ছেড়ে দিতে হবে।

---

[356] রুকিয়াহঃ অসুখবিসুখ অথবা বদনজর থেকে নিজেকে রক্ষার জন্য কোরআনের আয়াত ও কিছু নির্দিষ্ট দোআ করা।

[357] হাদীসটি ইবনে মাযাহ ও আহমাদ কর্তৃক বর্ণিত। তবে আলবানী এটিকে যাইফ বলেছেন

[358] এই হাদীসের একটি বর্ণনাকারীর ব্যাপারে ইবনে হাযার সন্দেহ প্রকাশ করেছেন

[359] মাদরিজ আস সালিকিন

[360] মাজমু আল ফাতাওয়া

[361] সহীহ বুখারী; হাদীস নং ৫২০৫ ইস. ফাউ

তৃতীয়তঃ কাপুরুষতার ব্যাধি

কাপুরুষতা ও দুর্বলতার রোগ হচ্ছে আগের দুইটি বিষয়ের ঠিক বিপরীত, "... দুনিয়ার প্রতি ভালোবাসা এবং মৃত্যুকে ঘৃণা করা..."এটি এমনই এক বিধ্বংসী রোগ যা অন্য জাতিকে একত্রিত হয়ে মুসলিমদের আক্রমণ চালানোর সুব্যবস্থা করে দেয়, ঠিক যেভাবে ভোজনপাত্রের চারপাশে বসে ক্ষুধার্ত খাদকেরা উপভোগ করে; সাওবান রদিআল্লাহু আনহুর হাদীস থেকে আমরা এটাই জানতে পারি। আর এই রোগের প্রতিকারের কথা আমি পূর্বেই বলেছি- 'আরাম আয়েশ ত্যাগ করা'। আর এটা সম্ভব হবে যখন মুসলিমদের আকীদায় তাকদীরের বিষয়টি শক্তভাবে গেঁড়ে যাবে। সে তখন জানবে যে, যা কিছুই সে পেয়েছে তা কখনোই কেউ ঠেকাতে পারতো না; আর যা কিছু সে পায়নি তা কোন ভাবেই তার কাছে পৌঁছাতো না। আমার সময় যেমন পূর্বনির্ধারিত ঠিক তেমনি আমাদের রিযকও পূর্বনির্ধারিত এবং বান্দাদের উপর যা কিছুই আসে তার সবই আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) কর্তৃক নির্ধারিত।

তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

مَا أَصَابَ مِنْ مُصِيبَةٍ فِي الْأَرْضِ وَلا فِي أَنْفُسِكُمْ إِلا فِي كِتَابٍ مِنْ قَبْلِ أَنْ نَبْرَأَهَا إِنَّ ذَلِكَ عَلَى اللَّهِ يَسِيرٌ

لِكَيْ لا تَأْسَوْا عَلَى مَا فَاتَكُمْ وَلا تَفْرَحُوا بِمَا آَتَاكُمْ وَاللَّهُ لا يُحِبُّ كُلَّ مُخْتَالٍ فَخُورٍ

"পৃথিবীতে বা ব্যক্তিগতভাবে তোমাদের উপর যে বিপর্যয় আসে আমি তা সংঘটিত করার পূর্বেই তা কিতাবে লিপিবদ্ধ করা আছে। আল্লাহর পক্ষে এটা খুবই সহজ। এটি এজন্য যে, তোমরা যা হারিয়েছ তাতে যেন তোমরা বিমর্ষ না হও, এবং যা তিনি তোমাদের দিয়েছেন তার জন্য হর্ষোৎফুল্ল না হও। আল্লাহ্ পছন্দ করেন না উদ্ধত ও অহংকারীদেরকে।" [362]

এবং তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَمَا كَانَ لِنَفْسٍ أَنْ تَمُوتَ إِلا بِإِذْنِ اللَّهِ كِتَابًا مُؤَجَّلًا وَمَنْ يُرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهِ مِنْهَا وَمَنْ يُرِدْ ثَوَابَ الْآَخِرَةِ نُؤْتِهِ مِنْهَا وَسَنَجْزِي الشَّاكِرِينَ

"আল্লাহর অনুমতি ব্যতীত কারো মৃত্যু হতে পারে না..।" [363]

এবং তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَلِكُلِّ أُمَّةٍ أَجَلٌ فَإِذَا جَاءَ أَجَلُهُمْ لا يَسْتَأْخِرُونَ سَاعَةً وَلا يَسْتَقْدِمُونَ

---

[362] সূরা হাদীদ ৫৭:২২—২৩

[363] সূরা আলি ইমরান ৩:১৪৫

"..যখন তাদের সময় আসবে তখন তারা মৃত্যুকাল বিলম্ব করতে পারবে না এবং ত্বরাও করতে পারবে না।" [364]

ইবনে মাসউদ রদিআল্লাহু আনহু বলেন, রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেন, "তোমাদের প্রত্যেকেই আপন আপন মাতৃগর্ভে ৪০ দিন পর্যন্ত শুক্র বিন্দুরূপে জমা থাক। তারপর ঐরূপ ৪০ দিন রক্তপিণ্ড এবং ঐরূপ ৪০ দিন মাংসপিণ্ড আকারে থাকে। তারপর আল্লাহ্ তা'আলা একজন ফেরেশতা প্রেরণ করেন এবং তাকে রিযক,মাউত, দুর্ভাগ্য ও সৌভাগ্য এই চারটি বিষয় লিপিবদ্ধ করার জন্য নির্দেশ প্রদান করা হয়।" [365] ইবনে মাসউদ কর্তৃক বর্ণিত আরো একটি হাদীসে তিনি বলেন, "..কেউ মৃত্যুবরণ করবে না যতক্ষণ না তার রিযক এবং তার (নির্ধারিত) সময় শেষ হয়..."[366]। সুতরাং রিযক এবং জীবনকাল নির্ধারিত হয়ে গেছে। আর একারণেই অনেক সালাফ আস সালেহীন দীর্ঘ জীবনের দু'আ করতে অপছন্দ করতেন। একটি হাদীসে রয়েছে, "যে ব্যক্তি তার জীবিকার প্রশস্ততা চায় এবং সে দীর্ঘায়ু কামনা করে, সে যেন তার আত্মীয়দের সঙ্গে সদ্ব্যবহার করে।" [367] এ ব্যাপারে ইবনে হাযার সঠিক ব্যাখ্যাটি উল্লেখ করেছেন, এবং অন্যরাও এটিকে সঠিক বলে গ্রহণ করেছেন; তিনি ব্যাখ্যা করেছেন, জীবন ও জীবিকা বৃদ্ধির অর্থ হলো জীবন ও জীবিকায় বরকত বৃদ্ধি করা। এবং এই অর্থের ব্যাখ্যায় তিনি (এ সংক্রান্ত) আরো কয়েকটি বর্ণনা উল্লেখ করেছেন। সুতরাং একথা অবশ্যই মনে রাখতে হবে যে, জিহাদ মৃত্যুকে ত্বরান্বিত করতে পারে না আর রিযিকও কমাতে পারে না।

তবে এটি অনুমোদনযোগ্য সাবধানতা গ্রহণের বিরুদ্ধে যায় না; যেমন রিযকের জন্য সংগ্রাম করা, বর্ম পরিধান করা, পরিখা খনন করা এবং শত্রুর মোকাবিলায় আরো অন্যান্য সতর্কতামূলক ব্যবস্থা, যা রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) অনুমোদন করেছেন। সুতরাং তাক্বদীরে বিশ্বাস করা এবং আল্লাহর হুকুমসমূহ পালন (সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ) করা পরস্পর বিরোধী বা সাংঘর্ষিক কোন বিষয় নয়।

চতুর্থতঃ অনীহার ব্যাধি

অনীহার রোগ বলতে আমি যেটা বোঝাতে চাইছি তা হলো 'বিজয়ের বাসনা'- যা অন্তরের মাঝে বাসা বাঁধে; এ ব্যাপারে আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَأُخْرَى تُحِبُّونَهَا نَصْرٌ مِنَ اللَّهِ وَفَتْحٌ قَرِيبٌ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ

"এবং আরো একটি অনুগ্রহ তোমাদের দিবেন যা তোমরা পছন্দ কর। আল্লাহর পক্ষে থেকে সাহায্য এবং আসন্ন বিজয়।" [368]

---

[364] সূরা আল আরাফ ৭:৩৪

[365] সহীহ বুখারী; হাদীস নং ৬০২৯ ইস. ফাউ.

[366] ইবনে হিব্বান এবং আল হাকিম হাদীসটিকে সহীহ বলেছেন

[367] সহীহ মুসলিম; হাদীস নং ৬২৯৩ ইস. ফাউ.

[368] সূরা আস সফ ৬১:১৩

আর এই ভালোবাসাই একদিন ব্যাধিতে পরিণত হয়, যা একজন মুসলিমকে প্রথম ও দ্বিতীয় যুদ্ধে যেতে নিরুৎসাহিত করে এই ভয়ে যে, সে হয়তো মারা যাবে এবং জীবিত অবস্থায় সে চুড়ান্ত বিজয় দেখতে পারবে না। আসলে এর মূল কারণ হলো একজন মুসলিমের দায়িত্ব সম্পর্কে তার অজ্ঞতা; কারণ ইসলামের হুকুম হলো জিহাদে অংশগ্রহণ করা, চূড়ান্ত বিজয় অর্জন করা নয়। সুতরাং বিজয় তার হাত দিয়ে আসুক বা তার সন্তানদের হাত দিয়ে আসুক, উভয়েই সমান, কারণ সে জিহাদ করে তার দায়িত্ব পালন করেছে এবং তাকে পুরস্কৃত করা আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা)র নিকট অবধারিত হয়ে গেছে, ইনশাআল্লাহ্।

তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেন,

وَمَنْ يُهَاجِرْ فِي سَبِيلِ اللَّهِ يَجِدْ فِي الْأَرْضِ مُرَاغَمًا كَثِيرًا وَسَعَةً وَمَنْ يَخْرُجْ مِنْ بَيْتِهِ مُهَاجِرًا إِلَى اللَّهِ وَرَسُولِهِ ثُمَّ يُدْرِكْهُ الْمَوْتُ فَقَدْ وَقَعَ أَجْرُهُ عَلَى اللَّهِ وَكَانَ اللَّهُ غَفُورًا رَحِيمًا

"যে কেউ নিজ গৃহ থেকে বের হয় আল্লাহ্ ও তাঁর রাসূলের প্রতি হিজরত করার উদ্দেশ্যে, অতঃপর মৃত্যুমুখে পতিত হয়, তবে তার সওয়াব আল্লাহর কাছে অবধারিত হয়ে যায়।" [369]

সুতরাং এই আয়াতে হিজরতের হুকুমের ব্যাপারে বলা হয়েছে, 'যে কেউ... হিজরত করার উদ্দেশ্যে বের হবে' এবং তার লক্ষ্য অর্জনে ব্যর্থ হবে বরং এর পূর্বেই সে মৃত্যুমুখে পতিত হবে। তারপরও তার পুরস্কার আল্লাহর নিকট অবধারিত হয়ে যাবে। এবং এ বিষয়ে আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) আরও সুস্পষ্ট বর্ণনা দিয়ে বলেছেন,

مَا كَانَ لِأَهْلِ الْمَدِينَةِ وَمَنْ حَوْلَهُمْ مِنَ الْأَعْرَابِ أَنْ يَتَخَلَّفُوا عَنْ رَسُولِ اللَّهِ وَلا يَرْغَبُوا بِأَنْفُسِهِمْ عَنْ نَفْسِهِ ذَلِكَ بِأَنَّهُمْ لا يُصِيبُهُمْ ظَمَأٌ وَلا نَصَبٌ وَلا مَخْمَصَةٌ فِي سَبِيلِ اللَّهِ وَلا يَطَئُونَ مَوْطِئًا يَغِيظُ الْكُفَّارَ وَلا يَنَالُونَ مِنْ عَدُوٍّ نَيْلًا إِلا كُتِبَ لَهُمْ بِهِ عَمَلٌ صَالِحٌ إِنَّ اللَّهَ لا يُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ

وَلا يُنْفِقُونَ نَفَقَةً صَغِيرَةً وَلا كَبِيرَةً وَلا يَقْطَعُونَ وَادِيًا إِلا كُتِبَ لَهُمْ لِيَجْزِيَهُمُ اللَّهُ أَحْسَنَ مَا كَانُوا يَعْمَلُونَ

"..এটা এজন্য যে আল্লাহর পথে যে তৃষ্ণা, ক্লান্তি এবং ক্ষুধা তাদের স্পর্শ করে এবং তাদের এমন পদক্ষেপ যা কাফিরদের ক্রোধের উদ্রেক করে এবং শত্রুদের নিকট থেকে তারা যা কিছু প্রাপ্ত হয়- তার প্রত্যেকটির বিনিময়ে তাদের জন্য লিখিত হয় নেক আমল। নিঃসন্দেহে আল্লাহ্ সৎকর্মশীল লোকদের হক নষ্ট করেন না। আর তারা অল্পবিস্তর যা কিছু ব্যয় করে, যত প্রান্তর তারা অতিক্রম করে, তা সবই তাদের নামে লেখা হয়, যেন আল্লাহ্ তাদের সৎকর্মসমূহের উত্তম বিনিময় প্রদান করেন।" [370]

---

[369] সূরা আন নিসা ৪:১০০

[370] সূরা আত—তাওবাহ ৯:১২০—১২১

এই আয়াতে এমন একটি জিনিষও বাদ পড়েনি যা একজন মুসলিম, আল্লাহর শত্রুদের বিরুদ্ধে জিহাদের ক্ষেত্রে করে থাকে; এমন প্রতিটি কাজকেই নেক আমল হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে, যার কারণে ঐ মুসলিমকে পুরস্কৃত করা হবে। আর বিজয় অর্জন করার মতো কোন শর্ত এখানে জুড়ে দেয়া হয়নি।

একই সাথে আমাদের মনে রাখতে হবে যে, যে ব্যক্তি জিহাদ করেছে কিন্তু বিজয় বা গনীমত কোনটিই পায়নি তার জন্য আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা)-র নিকট রয়েছে আরো বড় পুরস্কার। এর প্রমাণ পাওয়া যায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের বক্তব্য থেকে, "যে বাহিনী আল্লাহর রাস্তায় জিহাদ করল এবং তাতে গনীমত লাভ করলো তারা এ দুনিয়াতেই দুই-তৃতীয়াংশ নগদ পেয়ে গেল। তাদের জন্য কেবল এক-তৃতীয়াংশ বিনিময় অবশিষ্ট থাকলো। আর যে বাহিনী কোন গনীমত লাভ করলো না, তাদের পূর্ণ বিনিময়ই পাওনা রয়ে গেল"[371]। একই রকম ইঙ্গিত পাওয়া যায় খাব্বাব ইবনুল আরাত রদিআল্লাহু আনহুর বর্ণিত হাদীস থেকে, তিনি বলেন "আমরা আল্লাহ্ তা'আলার সাথে সাক্ষাতের আশায় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে হিজরত করেছি, সুতরাং আল্লাহর নিকট আমাদের পুরষ্কার অবধারিত হয়ে গেছে। তবে আমাদের মধ্যে তারাও ছিল যারা পুরষ্কারের কিছুই ভোগ না করে মৃত্যুবরণ করেছে। তাদের মধ্যে ছিলেন মুসআব ইবনে উমাইর রদিআল্লাহু আনহু। তিনি উহুদের দিন নিহত হন এবং তিনি একটি চাদর রেখে যান। সুতরাং আমরা সেটি দিয়ে তার মাথা ঢেকে দিই কিন্তু তার পা উন্মুক্ত হয়ে পড়ে এবং আমার যদি তার পা ঢেকে দিই তাহলে তার মাথা বের হয়ে যায়। অতপর রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদের তার মাথা ঢেকে দিতে এবং তার পায়ের উপর কিছু ইযখির ঘাস দিয়ে দিতে আদেশ দিলেন। এবং আমাদের মধ্যে তারাও ছিল যাদের ফল পেকেছিল এবং তারা তা পেঁড়ে উপভোগ করেছে।" [372] "তাদের ফল পেকেছিল"এবং "তারা তা পেঁড়ে উপভোগ করেছিল' এটি রূপক হিসেবে ব্যবহার বলা হয়েছে, এর মানে হলো আল্লাহ্ তা'আলা এই দুনিয়া তাদের জন্য প্রশস্ত করেছেন এবং তাতে তাদেরকে প্রাধান্য দিয়েছেন।

আব্দুল্লাহ ইবনে উমর এবং খাব্বাবের হাদীস দু'টি উভয়েই এই বক্তব্যকে সমর্থন করে। এটাই ছিল শাহাদাতের ব্যাপারে আমার শেষ আলোচ্য বিষয়।

---

[371] সহীহ মুসলিম; হাদীস নং ৪৭৭২ ইস. ফাউ.

[372] বুখারী ও মুসলিম

বিংশতম অধ্যায়ঃ এবং বিজয় তো শুধুমাত্র আল্লাহর থেকেই আসে

আল্লাহ্ সুবহানাহু ওয়া তা'আলা বলেছেন,

وَمَا جَعَلَهُ اللَّهُ إِلا بُشْرَى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوبُكُمْ بِهِ وَمَا النَّصْرُ إِلا مِنْ عِنْدِ اللَّهِ الْعَزِيزِ الْحَكِيمِ

"...এবং বিজয় তো শুধুমাত্র আল্লাহর থেকেই আসে।" [373]

এটি এমন একটি আয়াত যেখানে কঠোরতম এক সীমারেখার কথা স্মরণ করানো হয়েছে। এখানে 'শুধুমাত্র আল্লাহর থেকেই'- কথাটির মাঝে একটি না-বোধক সুর আছে; অর্থাৎ এখানে সীমারেখা হলো যে, বিজয় অন্য কোন কারণে আসবে না; এটি শুধুমাত্র আল্লাহর তরফ থেকে আসবে, যিনি সুবহান (সুমহান), যার কোন শরীক নেই। একমাত্র তাঁর অনুমতিতেই বিজয় আসবে, কোন পার্থিব বিষয়ের আধিক্যের দ্বারা এই বিজয় লাভ করা সম্ভব নয় যতক্ষণ না আল্লাহ্ ইচ্ছা করেন। আর হুনায়নের যুদ্ধে যখন মুসলিমদের মাঝে এই বিশ্বাসের অভাব দেখা দেয়, অর্থাৎ তারা যখন তাদের সংখ্যাধিক্যের কারণে সন্তুষ্ট ছিল, তখনই আল্লাহ্ তাদের পরাজয় আস্বাদন করান যাতে তারা বুঝতে পারে যে, সংখ্যা বা সরঞ্জাম কোন কিছুই কাজে আসবে না যদি আল্লাহর অনুমতি না থাকে। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেন,

لَقَدْ نَصَرَكُمُ اللَّهُ فِي مَوَاطِنَ كَثِيرَةٍ وَيَوْمَ حُنَيْنٍ إِذْ أَعْجَبَتْكُمْ كَثْرَتُكُمْ فَلَمْ تُغْنِ عَنْكُمْ شَيْئًا وَضَاقَتْ عَلَيْكُمُ الْأَرْضُ بِمَا رَحُبَتْ ثُمَّ وَلَّيْتُمْ مُدْبِرِينَ

ثُمَّ أَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَى رَسُولِهِ وَعَلَى الْمُؤْمِنِينَ وَأَنْزَلَ جُنُودًا لَمْ تَرَوْهَا وَعَذَّبَ الَّذِينَ كَفَرُوا وَذَلِكَ جَزَاءُ الْكَافِرِينَ

"সত্যিই আল্লাহ্ তো তোমাদের বিজয় দিয়ে বহু ক্ষেত্রে এবং হুনায়নের যুদ্ধের দিনে যখন তোমাদেরকে তোমাদের সংখ্যাধিক্য উৎফুল্ল করেছিল; কিন্তু তা তোমাদের কোন কাজে আসেনি এবং বিস্তৃত হওয়া সত্ত্বেও পৃথিবী তোমাদের জন্য সংকুচিত হয়েছিল এবং পরে তোমরা পৃষ্ঠপ্রদর্শন করে পলায়ন করেছিলে। অতঃপর আল্লাহ্ তাঁর নিকট থেকে তাঁর রাসূল ও মু'মিনদের উপর প্রশান্তি বর্ষণ করেন এবং এমন এক সৈন্য বাহিনী অবতীর্ণ করেন যা তোমরা দেখতে পাওনি এবং তিনি কাফিরদের শাস্তি প্রদান করেন; ইহাই কাফিরদের কর্মফল।" [374]

সুতরাং আল্লাহ্, মহিমান্বিত তিনি, তাদেরকে স্মরণ করিয়ে দিচ্ছেন কিভাবে তিনি বহুবার কমসংখ্যক হওয়া সত্ত্বেও তাদের বিজয় দান ক রে উৎফুল্ল করেছেন, আর যখন তারা নিজেদের উপর সন্তুষ্ট ছিল এবং তাদের সংখ্যার উপর ভরসা করছিল-তখন তা তাদের কোনই কাজে আসেনি, ফলশ্রুতিতে তারা পরাজিত হন। এই পরাজয়ের পর তিনি তাদের আবার বিজয় দিয়ে স্মরণ করিয়ে দেন যে, সংখ্যাধিক্য দিয়ে কিছুই হবে না, বিজয় আসবে শুধুমাত্র আল্লাহর

[373] সূরা আলি ইমরান ৩:১২৬

[374] সূরা আত-তাওবাহ ৯:২৫-২৬

তরফ থেকে। সুতরাং এই পরাজয়ের মাধ্যমে তিনি তাদেরকে পূর্বের (মজবুত ঈমান ও সকল ব্যাপারে একমাত্র আল্লাহরই উপরে ভরসা করা সেই) অবস্থায় ফিরিয়ে আনেন যার অনুপস্থিতি কিছুজনের মধ্যে দেখা দিয়েছিল। সেই ঈমান হলোঃ "...এবং বিজয় তো শুধুমাত্র আল্লাহর থেকেই আসে।"

একইরকম আরেকটি আয়াতে তিনি বলেছেন,

"হে মু'মিনগণ তোমাদের হলো কি যে, যখন তোমাদেরকে আল্লাহর পথে অভিযানে বের হতে বলা হয় তখন তোমরা যমীনকে আঁকড়ে ধর?.."

এর পরপরই তিনি বলেছেন,

يَا أَيُّهَا الَّذِينَ آَمَنُوا مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمُ انْفِرُوا فِي سَبِيلِ اللَّهِ اثَّاقَلْتُمْ إِلَى الْأَرْضِ أَرَضِيتُمْ بِالْحَيَاةِ الدُّنْيَا مِنَ الْآَخِرَةِ فَمَا مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا فِي الْآَخِرَةِ إِلا قَلِيلٌ

إِلا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلا تَضُرُّوهُ شَيْئًا وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ

إِلا تَنْصُرُوهُ فَقَدْ نَصَرَهُ اللَّهُ إِذْ أَخْرَجَهُ الَّذِينَ كَفَرُوا ثَانِيَ اثْنَيْنِ إِذْ هُمَا فِي الْغَارِ إِذْ يَقُولُ لِصَاحِبِهِ لا تَحْزَنْ إِنَّ اللَّهَ مَعَنَا فَأَنْزَلَ اللَّهُ سَكِينَتَهُ عَلَيْهِ وَأَيَّدَهُ بِجُنُودٍ لَمْ تَرَوْهَا وَجَعَلَ كَلِمَةَ الَّذِينَ كَفَرُوا السُّفْلَى وَكَلِمَةُ اللَّهِ هِيَ الْعُلْيَا وَاللَّهُ عَزِيزٌ حَكِيمٌ

"যদি তোমরা অভিযানে বের না হও, তবে তিনি তোমাদের মর্মন্তুদ শাস্তি দেবেন এবং অপর জাতিকে তোমাদের স্থলাভিষিক্ত করবেন এবং তোমরা তাঁর কোন ক্ষতিই করতে পারবে না। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান। যদি তোমরা তাকে সাহায্য না কর তবে আল্লাহ্ তো তাকে সাহায্য করেছেন যখন কাফিররা তাকে বহিষ্কার করেছিল এবং সে ছিল দুইজনের দ্বিতীয়জন; যখন তারা উভয়ে গুহার মধ্যে ছিল...।" [375]

অর্থাৎ আল মাওলা (আল্লাহ), মহিমান্বিত তিনি, মু'মিনদের আদেশ করছেন অভিযানে বেরিয়ে পড়তে এবং ঘরে বসে থাকার পরিণতির ব্যাপারে সতর্ক করে দিচ্ছেন এবং ঘোষণা দিচ্ছেন যে, তিনি তাদের পাল্টে অন্য এক জাতি সৃষ্টি করবেন, "... আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান"। এর তিনি তাঁর ক্ষমতার কিছু নিদর্শন স্মরণ করিয়ে দিয়েছেন - যেমন কিভাবে তিনি তার রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম)কে হিজরতের সময় মক্কার কাফিরদের বিরুদ্ধে পার্থিব কোন সরঞ্জাম ছাড়াই সাহায্য করেছেন। সুতরাং তাদেরকে পূর্বের অবস্থায় ফিরিয়ে নিতে চেয়েছেন, যখন তারা দৃঢ়ভাবে বিশ্বাস করতো, "...এবং বিজয় তো শুধুমাত্র আল্লাহর থেকেই আসে।"

---

[375] সূরা আত—তাওবাহ ৯:৩৮—৪০

এভাবেই আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেন,

فَلَمْ تَقْتُلُوهُمْ وَلَكِنَّ اللَّهَ قَتَلَهُمْ وَمَا رَمَيْتَ إِذْ رَمَيْتَ وَلَكِنَّ اللَّهَ رَمَى وَلِيُبْلِيَ الْمُؤْمِنِينَ مِنْهُ بَلاءً حَسَنًا إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ

"তোমরা তাদেরকে হত্যা করনি বরং আল্লাহই তাদেরকে হত্যা করেছেন, এবং যখন তুমি নিক্ষেপ করেছিলে তখন তুমি নিক্ষেপ করনি, আল্লাহই নিক্ষেপ করেছিলেন,...।" [376]

সুতরাং তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) তাদেরকে 'নিক্ষেপ' করার কথা উল্লেখ করে প্রস্তুতি নেয়া বা সতর্ক থাকার আবশ্যকতা স্মরণ করিয়ে দিয়েছেন। নিশানা করা এবং লক্ষ্যবস্তুতে আঘাত করার কৃতিত্ব তাঁরই, "... আল্লাহই তাদেরকে হত্যা করেছেন... আল্লাহই নিক্ষেপ করেছিলেন,..."–এর দ্বারা তিনি বুঝিয়েছেন যে, প্রস্তুতি গ্রহণ করা আবশ্যক হলেও শুধুমাত্র এর দ্বারাই কোন বিজয় আসে না; বিজয় আসে শুধুমাত্র তাঁরই তরফ থেকে; সফলতা বা অর্জনও (তৌফিক) আসে তাঁর তরফ থেকে।

এ ক্ষেত্রে দুইটি বিষয় মনে রাখা দরকারঃ

প্রথমতঃ বিজয় শুধুমাত্র আল্লাহর তরফ থেকে আসে, আর তাঁর কাছ থেকে এটি পেতে হলে অবশ্যই প্রস্তুতি নিতে হবে- যা তিনি এক্ষেত্রে বাধ্যতামূলক করেছেন। আর আমরা 'ঈমানভিত্তিক প্রস্তুতি'- সংক্রান্ত আলোচনায় উল্লেখ করেছি যে, আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) মু'মিনদেরকে বিজয় দেয়ার দায়িত্ব গ্রহণ করেছেন যারা তাঁর দ্বীনকে সাহায্য করে। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেছেন,

وَلَقَدْ أَرْسَلْنَا مِنْ قَبْلِكَ رُسُلًا إِلَى قَوْمِهِمْ فَجَاءُوهُمْ بِالْبَيِّنَاتِ فَانْتَقَمْنَا مِنَ الَّذِينَ أَجْرَمُوا وَكَانَ حَقًّا عَلَيْنَا نَصْرُ الْمُؤْمِنِينَ

"মু'মিনদের বিজয় দেয়া আমার দায়িত্ব।" [377]

এবং তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ بِغَيْرِ حَقٍّ إِلا أَنْ يَقُولُوا رَبُّنَا اللَّهُ وَلَوْلا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللَّهِ كَثِيرًا وَلَيَنْصُرَنَّ اللَّهُ مَنْ يَنْصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ

"আল্লাহ্ নিশ্চয় তাদেরকে সাহায্য করেন যারা আল্লাহকে সাহায্য করে।" [378]

---

[376] সূরা আল আনফাল ৮:১৭

[377] সূরা আর রূম ৩০:৪৭

[378] সূরা হাজ্জ ২২:৪০

এবং সেখানে আমি উল্লেখ করেছি যে, বিজয়ের যোগ্যতা অর্জন করতে দুই ধরণের প্রস্তুতি গ্রহণ করা আবশ্যক- 'ঈমানের প্রস্তুতি এবং 'সরঞ্জামের প্রস্তুতি'। আর এর মানে হলো নিরন্তর সংগ্রাম ও সাধনা; দাওয়া ও ধৈর্য্য। এর মাধ্যমে আমি সেইসব অলস ও প্রতিক্রিয়াহীন মানুষকে স্মরণ করাতে চেয়েছি যারা আল্লাহর দ্বীনকে সাহায্য না করেই তাঁর কাছ থেকে বিজয় প্রত্যাশা করে; একই তাদেরকেও স্মরণ করিয়ে দিতে চাই যারা ইসলামের জন্য কাজ করছেন অথচ জিহাদের রাস্তায় নামেননি এবং প্রস্তুতিও নেননি; যা আল্লাহ্ তাঁর দ্বীনের বিজয়ের জন্য আবশ্যক করেছেন। আল্লাহ্ তা'আলা বলেন,

وَمَنْ أَرَادَ الْآَخِرَةَ وَسَعَى لَهَا سَعْيَهَا وَهُوَ مُؤْمِنٌ فَأُولَئِكَ كَانَ سَعْيُهُمْ مَشْكُورًا

"যারা মু'মিন হয়ে আখিরাত কামনা করে এবং তার জন্য যথাযথ চেষ্টা করে; তাদের প্রচেষ্টা পুরস্কারযোগ্য।" [379]

দ্বিতীয়তঃ তাদেরকে মনে করিয়ে দিতে চাই যারা আল্লাহর রহমত থেকে নিরাশ হয়ে পড়েছেন; তারা এমনটি আশাই করতে পারেন না যে, মুসলিমরা জেগে উঠবে এবং এই অপমান ও বঞ্চনা থেকে মুক্ত হবে। যারা নিরাশ হয়ে বসে আছেন এই ভেবে যে, মুসলিমরা কাফির বাহিনীকে পরাভূত করতে পারবে না যারা সর্বদা প্রস্তুত রয়েছে। তুমি হয়তো তাদের কাউকে বলতে শুনবে, "কিভাবে মুসলিমদের একটি রাষ্ট্র প্রতিষ্ঠা হবে যখন দুনিয়ার প্রায় সবদেশই আমেরিকা নয়তো রাশিয়ার পদানত হয়ে রয়েছে?"আর সে বলবে এসব বিশাল কাফির রাষ্ট্রগুলো তাদের খাদ্য ও গোলাবারুদের নিয়ন্ত্রণ নিয়ে বসে আছে; তাদের এমন মিসাইল আছে যা এক মহাদেশ থেকে অন্য মহাদেশে আক্রমণ করতে সক্ষম; তারা মহাশূন্যে এমন মারণাস্ত্র প্রস্তুত রেখেছে যা পৃথিবীর যেকোন স্থানে আঘাত হানতে পারে। আর এই জমীনে ও মহাশূন্যে (স্যাটেলাইট) এমন উন্নত ইন্টেলিজেন্স (গোয়েন্দা নজরদারী) সরঞ্জাম রয়েছে যা দ্বারা তারা আমাদের প্রতিটি পদক্ষেপ ও গোপন কথাবার্তার ওপর কড়া নজর রাখে, সুতরাং এর মধ্যে জিহাদ ও অন্যান্য কাজ করা কি সম্ভব? "তারা যেকোন পরিকল্পনাকে শুরুতেই ভেস্তে দেবে;" সে বলে, "কিভাবে মুসলিমদের জন্য একটি রাষ্ট্র প্রতিষ্ঠা হবে যেখানে ওয়ার্ল্ড ব্যাংক, আই. এম. এফ. এর মতো প্রতিষ্ঠান একটি দেশের অর্থনীতিকে কয়েক ঘন্টার মধ্যে বিধ্বস্ত করতে পারে?"এরকমই আরো সব বক্তব্য যা মুসলিমদের নিরুৎসাহিত করে, এবং তাদের সাহায্যের সকল রাস্তা নষ্ট করে দেয়; এবং তাদের বর্তমান পরিস্থিতির কাছে নতি স্বীকার করতে বাধ্য করে। সবচাইতে দুঃখ লাগে তখন যখন এমনসব কথা তাদের মুখ থেকে বের হয় যারা আজকাল ইসলামের দাওয়াহ দিচ্ছে। আর এদেরকেই যখন আপনি তাগুত ও কুফর শক্তির কাছ থেকে কিছু সামান্য ক্ষমতা পাবার জন্য লালায়িত দেখবেন তখন মোটেও অবাক হবেন না।

আমরা বলবো, সেই ব্যক্তি চরম পথভ্রষ্টতায় নিমজ্জিত যে একথা বলে যে, আন্তর্জাতিক কুফরী শক্তি তাদের সকল সামর্থ্য নিয়ে বাহ্যিক ও বাস্তবিক অর্থে একটি সত্যিকার মুসলিম রাষ্ট্র প্রতিষ্ঠায় বাঁধা দিতে সক্ষম। আসলে তারা সুমহান আল্লাহর আয়াতের সত্যতাকেই অস্বীকার করে এবং তাঁর দৃঢ় প্রতিশ্রুতিকে অগ্রাহ্য করে।

---

[379] সূরা বনী ইসরাইল ১৭:১৯

তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

يَا بَنِيَّ اذْهَبُوا فَتَحَسَّسُوا مِنْ يُوسُفَ وَأَخِيهِ وَلا تَيْئَسُوا مِنْ رَوْحِ اللَّهِ إِنَّهُ لا يَيْئَسُ مِنْ رَوْحِ اللَّهِ إِلا الْقَوْمُ الْكَافِرُونَ

"...কারণ আল্লাহর রহমত থেকে কেউ নিরাশ হয় না, কাফির সম্প্রদায় ব্যতীত।" [380]

এবং তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) আরো বলেন,

وَمَا جَعَلَهُ اللَّهُ إِلا بُشْرَى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوبُكُمْ بِهِ وَمَا النَّصْرُ إِلا مِنْ عِنْدِ اللَّهِ الْعَزِيزِ الْحَكِيمِ

"...এবং বিজয় তো শুধুমাত্র আল্লাহর থেকেই আসে।" [381]

সুতরাং বিজয় আমেরিকার হাতেও নেই রাশিয়ার হাতেও নেই। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

مَا يَفْتَحِ اللَّهُ لِلنَّاسِ مِنْ رَحْمَةٍ فَلا مُمْسِكَ لَهَا وَمَا يُمْسِكْ فَلا مُرْسِلَ لَهُ مِنْ بَعْدِهِ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ

"আল্লাহ্ মানুষের প্রতি রহমত অবারিত করলে তা নিবারণকারী কেউ নেই এবং তিনি কিছু নিরুদ্ধ করতে চাইলে তৎপর কেউ তার উন্মুক্তকারী নেই।" [382]

এসকল আন্তর্জাতিক কুফরী শক্তি যত আধুনিক ক্ষমতাই অর্জন করুক না কেন তারা কখনোই মহামহিম ও পরাক্রমশালী আল্লাহর ক্ষমতা ও নিয়ন্ত্রণের বাইরে যেতে পারবে না। আর তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَلا يَحْسَبَنَّ الَّذِينَ كَفَرُوا سَبَقُوا إِنَّهُمْ لا يُعْجِزُونَ

وَأَعِدُّوا لَهُمْ مَا اسْتَطَعْتُمْ مِنْ قُوَّةٍ وَمِنْ رِبَاطِ الْخَيْلِ تُرْهِبُونَ بِهِ عَدُوَّ اللَّهِ وَعَدُوَّكُمْ وَآخَرِينَ مِنْ دُونِهِمْ لا تَعْلَمُونَهُمُ اللَّهُ يَعْلَمُهُمْ وَمَا تُنْفِقُوا مِنْ شَيْءٍ فِي سَبِيلِ اللَّهِ يُوَفَّ إِلَيْكُمْ وَأَنْتُمْ لا تُظْلَمُونَ

"কাফিররা যেন কখনো মনে না করে যে তারা (আল্লাহর আযাব থেকে) পরিত্রাণ লাভ করেছে; নিশ্চয় তারা কখনো তাদেরকে (আল্লাহর আযাব থেকে) রক্ষা করতে পারবে না। তোমরা তাদের মোকাবিলার জন্য যথাসাধ্য শক্তি ও অশ্ববাহিনী প্রস্তুত রাখিবে..."[383]

---

[380] সূরা ইউসুফ ১২:৮৭

[381] সূরা আলি ইমরান ৩:১২৬

[382] সূরা ফাতির ৩৫:২

[383] সূরা আনফাল ৮:৫৯—৬০

নিশ্চয় তারা কখনোই আল্লাহর ক্ষমতার বাইরে যেতে পারবে না; আর তার পরিকল্পনাকেও ভেস্তে দিতে পারবে না। নিশ্চয় আল্লাহর তার মু'মিন সমর্থকদের সাথে আছেন, আর তিনি তাদেরকে কাফিরদের উপর বিজয় দান করবেন, আল্লাহু আকবার। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

ذَلِكُمْ وَأَنَّ اللَّهَ مُوهِنُ كَيْدِ الْكَافِرِينَ

إِنْ تَسْتَفْتِحُوا فَقَدْ جَاءَكُمُ الْفَتْحُ وَإِنْ تَنْتَهُوا فَهُوَ خَيْرٌ لَكُمْ وَإِنْ تَعُودُوا نَعُدْ وَلَنْ تُغْنِيَ عَنْكُمْ فِئَتُكُمْ شَيْئًا وَلَوْ كَثُرَتْ وَأَنَّ اللَّهَ مَعَ الْمُؤْمِنِينَ

"ইহাই তোমাদের জন্য, আল্লাহ্ কাফিরদের ষড়যন্ত্র দুর্বল করেন। (হে মু'মিনগণ) তোমরা মীমাংসা চেয়েছিলে, তা তো তোমাদের নিকট এসেছে; যদি তোমরা বিরত হও তবে তা তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা পুনরায় কর আমি তোমাদের পুনরায় শাস্তি দেব এবং তোমরা দলসংখ্যায় অধিক হলেও তা তোমাদের কোন কাজে আসবে না, এবং নিশ্চয় আল্লাহ্ মু'মিনদের সাথে আছেন।" [384]

এবং মহিমান্বিত ও পরাক্রমশালী আল মাওলা, আমাদেরকে শক্তিসঞ্চয় করার জন্য হুকুম করেছেন। এটা আমাদের দায়িত্ব এবং কর্তব্য। এরপরই তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বিজয় প্রদানের দায়িত্ব নিয়েছেন। যেমন তিনি তাঁর রাসূল (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) কে বলেছেন, "আর তাদের বিরুদ্ধে যুদ্ধ করুন, আমিও আপনার পাশাপাশি যুদ্ধ করব। এবং খরচ করুন, আমিও আপনার জন্য খরচ করব। এবং আপনি সৈন্য বাহিনী প্রেরণ করুন আমি এরূপ পাঁচটি (বাহিনী) প্রেরণ করব।"[385] এভাবেই আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) কাফিরদের অপমান করার দায়িত্বভার গ্রহণ করেছেন। যেমন তিনি বলেছেন,

ذَلِكَ بِأَنَّ اللَّهَ مَوْلَى الَّذِينَ آَمَنُوا وَأَنَّ الْكَافِرِينَ لا مَوْلَى لَهُمْ

"ইহাই তোমাদের জন্য, আল্লাহ্ কাফিরদের ষড়যন্ত্র দুর্বল করেন।" [386]

তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) আরো বলেন,

الَّذِينَ آَمَنُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالَّذِينَ كَفَرُوا يُقَاتِلُونَ فِي سَبِيلِ الطَّاغُوتِ فَقَاتِلُوا أَوْلِيَاءَ الشَّيْطَانِ إِنَّ كَيْدَ الشَّيْطَانِ كَانَ ضَعِيفًا

"সুতরাং তোমরা শয়তানের বন্ধুদের বিরুদ্ধে যুদ্ধ কর; শয়তানের কৌশল অবশ্যই দুর্বল।" [387]

আর তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) আমাদের সাহায্য করার দায়িত্ব নিয়েছেন। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

---

[384] সূরা আনফাল ৮:১৮—১৯

[385] সহীহ মুসলিম, 'আইয়াদ ইবনে হিমার (রদিয়াল্লাহু আনহু) থেকে বর্ণিত

[386] মুহাম্মাদ ৪৭:১১

[387] সূরা আন নিসা ৪:৭৬

وَأُخْرَى لَمْ تَقْدِرُوا عَلَيْهَا قَدْ أَحَاطَ اللَّهُ بِهَا وَكَانَ اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرًا

“এবং আরো আছে (তিনি আশ্বাস দিচ্ছেন আরো বিজয় ও গণীমতের) যা এখনো তোমাদের অধিকারে আসেনি, তা তো আল্লাহ্ আয়ত্বে রেখেছেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।” [388]

নিশ্চয় যারা কাফিরদের সৈন্য বাহিনী দেখে ভয় পেয়েছে তারা আল্লাহ্ তা’আলার এই বাণী ভুলে গেছেঃ

وَلِلَّهِ جُنُودُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَكَانَ اللَّهُ عَزِيزًا حَكِيمًا

“আকাশ মণ্ডলী ও পৃথিবীর বাহিনীসমূহ আল্লাহরই এবং আল্লাহ্ পরাক্রমশালী প্রজ্ঞাময়।” [389] এবং নিশ্চয় যারা কাফিরদের ঐশ্বর্য ও ক্ষমতার দাপট দেখে ভয় পেয়েছে তারা আল্লাহ্ তা’আলার এই বাণী ভুলে গেছেঃ

هُمُ الَّذِينَ يَقُولُونَ لا تُنْفِقُوا عَلَى مَنْ عِنْدَ رَسُولِ اللَّهِ حَتَّى يَنْفَضُّوا وَلِلَّهِ خَزَائِنُ السَّمَاوَاتِ وَالْأَرْضِ وَلَكِنَّ الْمُنَافِقِينَ لا يَفْقَهُونَ

“আকাশমণ্ডলী ও পৃথিবীর ধনভাণ্ডার তো আল্লাহরই কিন্তু মুনাফিকরা তা বুঝে না।” [390]

এবং নিশ্চয় যারা কাফিরদের দূর্গ আর তাদের প্রতিরক্ষা দেখে ভয় পেয়েছে তারা আল্লাহ্ তা’আলার এই বাণী ভুলে গেছেঃ

هُوَ الَّذِي أَخْرَجَ الَّذِينَ كَفَرُوا مِنْ أَهْلِ الْكِتَابِ مِنْ دِيَارِهِمْ لِأَوَّلِ الْحَشْرِ مَا ظَنَنْتُمْ أَنْ يَخْرُجُوا وَظَنُّوا أَنَّهُمْ مَانِعَتُهُمْ حُصُونُهُمْ مِنَ اللَّهِ فَأَتَاهُمُ اللَّهُ مِنْ حَيْثُ لَمْ يَحْتَسِبُوا وَقَذَفَ فِي قُلُوبِهِمُ الرُّعْبَ يُخْرِبُونَ بُيُوتَهُمْ بِأَيْدِيهِمْ وَأَيْدِي الْمُؤْمِنِينَ فَاعْتَبِرُوا يَا أُولِي الْأَبْصَارِ

“...তারা মনে করেছিল তাদের দূর্গগুলো তাদেরকে আল্লাহ্ থেকে রক্ষা করবে; কিন্তু আল্লাহর শাস্তি এমন এক দিক থেকে আসল যা ছিল তাদের ধারণাতীত এবং তাদের অন্তরে তা ত্রাস সৃষ্টি করল। তারা ধ্বংস করে ফেলল তাদের বাড়িঘর নিজেদের হাতে এবং মু’মিনদের হাতেও। অতএব হে চক্ষুষ্মান ব্যক্তিগণ! তোমরা উপদেশ গ্রহণ কর।” [391]

এবং ঐ আয়াতটিও ভুলে গেছে যেখানে আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা’আলা) বলেছেন,

وَأَنْزَلَ الَّذِينَ ظَاهَرُوهُمْ مِنْ أَهْلِ الْكِتَابِ مِنْ صَيَاصِيهِمْ وَقَذَفَ فِي قُلُوبِهِمُ الرُّعْبَ فَرِيقًا تَقْتُلُونَ وَتَأْسِرُونَ فَرِيقًا

---

[388] সূরা আল ফাতহ্ ৪৮:২১

[389] সূরা আল ফাতহ্ ৪৮:৭

[390] সূরা মুনাফিকুন ৬৩:৭

[391] সূরা আল হাশর ৫৯:২

وَأَوْرَثَكُمْ أَرْضَهُمْ وَدِيَارَهُمْ وَأَمْوَالَهُمْ وَأَرْضًا لَمْ تَطَئُوهَا وَكَانَ اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرًا

"কিতাবীদের মধ্যে যারা তাদেরকে সাহায্য করেছিল, তাদেরকে তিনি তাদের দূর্গ থেকে অবতরণ করালেন এবং তাদের অন্তরে ভীতি সঞ্চার করালেন; এখন তোমরা তাদের কতককে হত্যা করছ এবং কতককে করছ বন্দী। আর তিনি তোমাদেরকে অধিকারী করলেন এদের ভূমি, ঘরবাড়ি ও ধনসম্পদের এবং এমন ভূমির যাতে তোমরা এখনও পদার্পণ করনি। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।" [392]

এবং নিশ্চয় যারা তাদের গোয়েন্দা সংস্থার সক্রিয়তা দেখে ভয় পেয়েছে তারা আল্লাহর আয়াতকে ভুলে গেছে,

أَوْ كَصَيِّبٍ مِنَ السَّمَاءِ فِيهِ ظُلُمَاتٌ وَرَعْدٌ وَبَرْقٌ يَجْعَلُونَ أَصَابِعَهُمْ فِي آذَانِهِمْ مِنَ الصَّوَاعِقِ حَذَرَ الْمَوْتِ وَاللَّهُ مُحِيطٌ بِالْكَافِرِينَ

"... আল্লাহ্ কাফিরদের পরিবেষ্টন করে আছেন।" [393]

এবং তাঁর, (সুবহানাহু ওয়া তা'আলা), ঐ আয়াতটিও ভুলে গেছে,

وَلِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَكَانَ اللَّهُ بِكُلِّ شَيْءٍ مُحِيطًا

"... এবং সবকিছুকে আল্লাহ্ পরিবেষ্টন করে আছেন।" [394]

এবং ঐ আয়াতও,

وَلا تَكُونُوا كَالَّذِينَ خَرَجُوا مِنْ دِيَارِهِمْ بَطَرًا وَرِئَاءَ النَّاسِ وَيَصُدُّونَ عَنْ سَبِيلِ اللَّهِ وَاللَّهُ بِمَا يَعْمَلُونَ مُحِيطٌ

"তারা যা করে আল্লাহ্ তা পরিবেষ্টন করে আছেন (মুহিতুন)" [395]

আসলে কাফির হওয়া সত্ত্বেও আব্দুল মুত্তালিব আল্লাহ্ ও তাঁর ক্ষমতা সম্পর্কে এসব কাপুরুষের চেয়ে অনেক বেশী জানতেন। আর এর প্রমাণ পাওয়া যায় যখন সে আব্রাহাকে বলেছিল, "নিশ্চয় এই ঘরের (কাবা) একজন রব আছেন যিনি এটাকে রক্ষা করবেন।" যখন আল্লাহ্ পাখির ঝাঁক দিয়ে আব্রাহা বাহিনীকে বিধ্বস্ত করলেন, তাদের অনেকেই ভয়ে পালিয়ে গেল, তাদের পথপ্রদর্শক বললঃ

"কোথায় সেই ব্যক্তি যে পালিয়ে যায় এবং রবকে খোঁজে এবং আল আসরাম তো পরাভূত, সে বিজয়ী নয়।" আল আসরাম হলো আব্রাহা।

---

[392] সূরা আল আহযাব ৩৩:২৬—২৭

[393] সূরা আল বাকারা ২:১৯

[394] সূরা আন নিসা ৪:১২৬

[395] সূরা আনফাল ৮:৪৭

আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَفِرْعَوْنَ ذِي الْأَوْتَادِ

الَّذِينَ طَغَوْا فِي الْبِلادِ

فَأَكْثَرُوا فِيهَا الْفَسَادَ

فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ

إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ

"এবং বহু সৈন্য শিবিরের অধিপতি ফিরআউনের প্রতি? যারা দেশে সীমালঙ্ঘন করেছিল, এবং সেখানে অশান্তি বৃদ্ধি করেছিল। অতঃপর তোমার রব তাদের উপর নানাবিধ শাস্তির কশাঘাত হানলেন। তোমার প্রতিপালক অবশ্যই সতর্ক দৃষ্টি রাখেন।" [396]

নিজের জান ও তার সাম্রাজ্যের ভয়ে ফিরআউন বনী ইসরাঈলের কত শিশুকেই না হত্যা করেছিল; আর অবশেষে তারই ঘরে সে লালন পালন করেছে এমন একজনকে (মূসা আলাইহিস সালাম) যার হাতে দিয়ে ধ্বংস হয়েছে তার পুরো সাম্রাজ্য। আল্লাহর ক্বদরের ক্ষেত্রে কোন সতর্কতাই কাজে আসে না। আল্লাহ্ তাদের সবদিক থেকে ঘিরে আছেন। আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَقَالَ الَّذِي اشْتَرَاهُ مِنْ مِصْرَ لِامْرَأَتِهِ أَكْرِمِي مَثْوَاهُ عَسَى أَنْ يَنْفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَلَدًا وَكَذَلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ وَلِنُعَلِّمَهُ مِنْ تَأْوِيلِ الْأَحَادِيثِ وَاللَّهُ غَالِبٌ عَلَى أَمْرِهِ وَلَكِنَّ أَكْثَرَ النَّاسِ لا يَعْلَمُونَ

"আল্লাহর তাঁর কার্য সম্পাদনে অপ্রতিরোধ্য; কিন্তু অধিকাংশ মানুষই তা জানে না।" [397]

তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) আরো বলেন,

كَتَبَ اللَّهُ لاغْلِبَنَّ أَنَا وَرُسُلِي إِنَّ اللَّهَ قَوِيٌّ عَزِيزٌ

"আল্লাহ্ সিদ্ধান্ত নিয়েছেন, 'আমি অবশ্যই বিজয়ী হব এবং আমার রাসূলগণও'। নিশ্চয় আল্লাহ্ সর্বশক্তিমান, পরাক্রমশালী।" [398]

নিশ্চয় কাফিরদের দূর্গগুলো আল্লাহর শাস্তি থেকে তাদের রক্ষা করতে পারবে না এবং তাদের সৈন্য বাহিনীও আল্লাহর আক্রমণ ঠেকাতে কোনই উপকারে আসবে না। আর নিশ্চয় তাদের সম্পদ আল্লাহর কাছে কোন সুপারিশ

---

[396] সূরা আল ফাজর ৮৯:১০—১৪

[397] সূরা ইউসুফ ১২:২১

[398] সূরা মুজাদিলা ৫৮:২১

করবে না এবং তাদের পরিকল্পনা আর চক্রান্ত আল্লাহর ক্ষমতাকে কমাতে পারবে না। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

وَمَكَرُوا مَكْرًا وَمَكَرْنَا مَكْرًا وَهُمْ لا يَشْعُرُونَ

فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ مَكْرِهِمْ أَنَّا دَمَّرْنَاهُمْ وَقَوْمَهُمْ أَجْمَعِينَ

فَتِلْكَ بُيُوتُهُمْ خَاوِيَةً بِمَا ظَلَمُوا إِنَّ فِي ذَلِكَ لايَةً لِقَوْمٍ يَعْلَمُونَ

"তারা চক্রান্ত করেছিল এবং আমিও এক কৌশল অবলম্বন করলাম, কিন্তু তারা বুঝতে পারেনি। অতএব দেখ তাদের চক্রান্তের পরিণাম কি হয়েছে - আমি অবশ্যই তাদেরকে এবং তাদের সম্প্রদায়ের সকলকে ধ্বংস করেছি। এইতো তাদের ঘরবাড়ি - সীমালংঘনহেতু যা জনশূন্য অবস্থায় পড়ে আছে; এতে জ্ঞানী সম্প্রদায়ের জন্য অবশ্যই নিদর্শন রয়েছে।" [399]

এবং আমি আবারও মনে করিয়ে দিতে চাই আমাদের ব্যর্থতা প্রথমত আমাদের নিজেদের কারণেঃ

مَا أَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللَّهِ وَمَا أَصَابَكَ مِنْ سَيِّئَةٍ فَمِنْ نَفْسِكَ وَأَرْسَلْنَاكَ لِلنَّاسِ رَسُولًا وَكَفَى بِاللَّهِ شَهِيدًا

"...অকল্যাণ যা হয় তা তোমাদের নিজের কারণে।" [400]

সুতরাং প্রথমে আমাদের নিজেদেরকে বদলাতে হবে। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

لَهُ مُعَقِّبَاتٌ مِنْ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ يَحْفَظُونَهُ مِنْ أَمْرِ اللَّهِ إِنَّ اللَّهَ لا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتَّى يُغَيِّرُوا مَا بِأَنْفُسِهِمْ وَإِذَا أَرَادَ اللَّهُ بِقَوْمٍ سُوءًا فَلا مَرَدَّ لَهُ وَمَا لَهُمْ مِنْ دُونِهِ مِنْ وَالٍ

"নিশ্চয় আল্লাহ্ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না যতক্ষণ না তারা নিজেদের অবস্থার পরিবর্তন ঘটায়।" [401]

নিশ্চয় আল্লাহ্ তা'আলা আমাদেরই অবাধ্যতার কারণে আমাদের উপরে কাফিরদের শক্তিশালী করেছেন; যেমনিভাবে তিনি মাজুসদের শক্তিশালী করেছিলেন বনী ইসরাঈলের উপর যখন তারা আল্লাহকে ক্রোধান্বিত করেছিল তাদের আমলের দ্বারা। তিনি (সুবহানাহু ওয়া তা'আলা) বলেন,

فَإِذَا جَاءَ وَعْدُ أُولاهُمَا بَعَثْنَا عَلَيْكُمْ عِبَادًا لَنَا أُولِي بَأْسٍ شَدِيدٍ فَجَاسُوا خِلالَ الدِّيَارِ وَكَانَ وَعْدًا مَفْعُولًا

---

[399] সূরা আন নামল ২৭:৫০—৫২

[400] সূরা আন নিসা ৪:৭৯

[401] সূরা আর রাদ ১৩:১১

“তারা ঘরে ঘরে প্রবেশ করে সমস্ত কিছু ধ্বংস করেছিল। আর প্রতিশ্রুতি কার্যকরী হয়েই থাকে।” [402]

সুতরাং নিজেদেরকে পাল্টানো আজ জরুরী হয়ে পড়েছে; আমাদের তিনটি ক্ষেত্রে নিজেদের শুধরাতে হবেঃ সঠিক পন্থা; সততার সাথে এর অনুসরণ এবং সকল নিয়্যতে বিশুদ্ধতা আনয়ন।

এবং আমি এই বইতে সঠিক কর্মপন্থার বিষয়টি ব্যাখ্যা করার চেষ্টা করেছি, যতটুক সম্ভব হয়েছে, আর আল্লাহ্ সবচাইতে ভালো জানেন। এ ব্যাপারে আলোচনা রয়েছে ‘কিতাব ও সুন্নাহ দৃঢ়ভাবে আঁকড়ে ধরার মূলনীতি’ ও ‘আহলে সুন্নাহ ওয়াল জামায়াতের কর্মপন্থা’ নামক অধ্যায়ে।

এবং আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা’আলা) বলেছেন,

إِنَّا لَنَنْصُرُ رُسُلَنَا وَالَّذِينَ آَمَنُوا فِي الْحَيَاةِ الدُّنْيَا وَيَوْمَ يَقُومُ الْأَشْهَادُ

“নিশ্চয় আমি রাসূলগণকে এবং মু’মিনগণকে সাহায্য করব পার্থিব জীবনে এবং যেইদিন সাক্ষী দন্ডায়মান হবে।” [403]

নিঃসন্দেহে এই প্রতিশ্রুতি সত্য। এবং আল্লাহ্ (সুবহানাহু ওয়া তা’আলা) বলেন,

وَلا تُفْسِدُوا فِي الْأَرْضِ بَعْدَ إِصْلاحِهَا وَادْعُوهُ خَوْفًا وَطَمَعًا إِنَّ رَحْمَةَ اللَّهِ قَرِيبٌ مِنَ الْمُحْسِنِينَ

“নিশ্চয় আল্লাহর অনুগ্রহ সৎকর্মশীলদের (মুহসীন) নিকটবর্তী।” [404]

---

[402] সূরা আল ইসরা ১৭:৫

[403] সূরা গাফির ৪০:৫১

[404] সূরা আল আরাফ ৭:৫৬